ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে আদিবাসী জনগোষ্ঠীর অন্তর্ভুক্তি: সুশাসনের চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়

1

রাজিয়া সুলতানা

২ ডিসেম্বর ২০২৫

# প্রেক্ষাপট ও যৌক্তিকতা



- ‘সামাজিক নিরাপত্তা’ কর্মসূচির উদ্দেশ্য নগদ সহায়তা ও সেবা, পণ্য, প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও বৈষম্য দূরীকরণ এবং জীবনচক্রের বিভিন্ন পর্যায়ে সৃষ্ট ঝুঁকিসহ যেসব কারণে মানুষ আরও গভীরতর দারিদ্র্যে পতিত হয় তা মোকাবিলা করার সক্ষমতা বৃদ্ধি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন প্রক্রিয়ায় সহায়ক ভূমিকা পালন
- বাংলাদেশের সংবিধানে রাষ্ট্র কর্তৃক সকল নাগরিকের মৌলিক চাহিদা নিশ্চিত করা [অনুচ্ছেদ ১৫]; বিভিন্ন উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ঐতিহ্য সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশ [অনুচ্ছেদ ২৩ (ক)]; এবং পরিস্থিতিজনিত আয়ত্তাতীত ও অভাবগ্রস্ততার কারণে সামাজিক নিরাপত্তার অধিকারের [অনুচ্ছেদ ১৫ (ঘ)] উল্লেখ
- যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশে দারিদ্র্য ও খাদ্য সংকট মোকাবিলায় ত্রাণভিত্তিক কর্মসূচির মাধ্যমে সামাজিক নিরাপত্তা কর্মসূচির সূচনা; ধারাবাহিক বিকাশের অংশ হিসেবে ২০১৫ সালে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র গৃহীত -
  - কৌশলপত্রের উদ্দেশ্য - ২০২৫ সালের মধ্যে একটি দীর্ঘমেয়াদী জীবনচক্রভিত্তিক সামাজিক নিরাপত্তা ব্যবস্থা বাস্তবায়নের লক্ষ্যে কর্মসূচিগুলোকে একীভূত করা, সামগ্রিকভাবে সেবা প্রদান ব্যবস্থাপনার উন্নতি সাধন ও ব্যয়িত অর্থের সর্বাধিক সুবিধা অর্জন
  - ২০১৫ সালে সামাজিক নিরাপত্তা কর্মসূচির সংখ্যা ১৪৫টি; কিছু কার্যক্রম একীভূত ও বাতিল করার কারণে কর্মসূচির সংখ্যা ২০২৩-২৪ সালে ১১৫টি এবং ২০২৫-২৬ সালে ৯৫টিতে হ্রাস
- সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে প্রান্তিক জনগোষ্ঠীর অন্তর্ভুক্তির হার ৭.৩১%, যেখানে জাতীয় পর্যায়ে সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অন্তর্ভুক্তি হার ২৪.৫৭% (এইচআইইএস,২০১০); ধর্মীয়, জাতিগত এবং পেশাগত পরিচয়ের কারণে সুবিধার জন্য নির্বাচিত বা সেবা পাওয়ার ক্ষেত্রে বৈষম্যের সম্মুখীন

# প্রেক্ষাপট ও যৌক্তিকতা...



- ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর মধ্যে আদিবাসী জনগোষ্ঠী দারিদ্র্যের ঝুঁকিতে বেশি থাকে
  - আদিবাসী জনগোষ্ঠীদের দারিদ্র্যের হার জাতীয় দারিদ্র্যের হারের (১৮.৭%) চেয়ে অনেক বেশি - পার্বত্য চট্টগ্রামে ৬৫% ও আদিবাসী অধ্যুষিত সমতল এলাকায় ৮০% (এইচআইইএস-২০২২)
  - গড় আয় জাতীয় গড় আয় থেকে কম - পার্বত্য চট্টগ্রামে ২৬% ও সমতলে (আদিবাসী অধ্যুষিত) ৪১% কম
  - কোভিড-১৯ মহামারির কারণে বাংলাদেশের সমতল এলাকার ৬২% আদিবাসী জনগোষ্ঠীর দারিদ্র্যসীমার নিচে নেমে যাওয়া; এসময় পার্বত্য চট্টগ্রামের তিনটি জেলার (বান্দরবান, রাঙামাটি, খাগড়াছড়ি) আদিবাসীদের দারিদ্র্যের গড় হার ৪০%
- জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে আদিবাসী জনগণের অন্তর্ভুক্তি সীমিত, এবং জাতিগত দারিদ্র্য ও ঝুঁকির কারণে তাদের জন্য বিদ্যমান কর্মসূচিতে প্রবেশাধিকার কম
  - টিআইবি'র পূর্ববর্তী কয়েকটি গবেষণায় (টিআইবি ২০১৯; টিআইবি ২০২১; টিআইবি ২০২৩) সরকারি বিভিন্ন সেবা প্রাপ্তি ও সামাজিক নিরাপত্তা ব্যবস্থায় প্রান্তিক জনগোষ্ঠীর অন্তর্ভুক্তির ক্ষেত্রে সুশাসনের ঘাটতি চিহ্নিত হলেও পার্বত্য ও সমতল উভয় অঞ্চলের আদিবাসী জনগোষ্ঠীর অন্তর্ভুক্তি ও অংশগ্রহণ প্রক্রিয়ায় সুশাসনের চ্যালেঞ্জ নিয়ে বিশদ গবেষণার ঘাটতি
- এ প্রেক্ষিতে সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে আদিবাসী জনগোষ্ঠীর অন্তর্ভুক্তিতে সুশাসনের চ্যালেঞ্জ চিহ্নিত করা ও তথ্যপ্রমাণভিত্তিক অধিপরামর্শ কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে এই গবেষণার উদ্যোগ গ্রহণ

# গবেষণার উদ্দেশ্য



## সার্বিক উদ্দেশ্য

বাংলাদেশের সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে আদিবাসী জনগোষ্ঠীর অন্তর্ভুক্তির ক্ষেত্রে সুশাসনের চ্যালেঞ্জ চিহ্নিত করা

## সুনির্দিষ্ট উদ্দেশ্য

১. সামাজিক নিরাপত্তা কর্মসূচির বিদ্যমান আইনি ও নীতি কাঠামো পর্যালোচনা করা

২. সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট অংশীজনদের ভূমিকা পর্যালোচনা করা

৩. সুশাসনের নির্দেশকের আলোকে সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অন্তর্ভুক্তি প্রক্রিয়ায় অনিয়ম-দুর্নীতির ধরন ও কারণ চিহ্নিত করা

৪. গবেষণার ফলাফলের আলোকে বিদ্যমান চ্যালেঞ্জ থেকে উত্তরণে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা

# গবেষণার পরিধি



| | |
|---|---|
| **সামাজিক নিরাপত্তা কর্মসূচি** | ▪ জুলাই ২০২৩ - জুন ২০২৪ অর্থবছরে বিশেষ জনগোষ্ঠীকেন্দ্রিক এবং চলমান কর্মসূচি; বাজেট পর্যালোচনা- (২০২০-২১ থেকে ২০২৫-২৬ অর্থবছর) |
| **অন্তর্ভুক্তি** | সংশ্লিষ্ট আইন ও নীতিমালায় আদিবাসীদের অন্তর্ভুক্তি; জাতীয় ও স্থানীয় পর্যায়ের নীতি প্রণয়ন কমিটি ও পরিকল্পনা সভায় আদিবাসী প্রতিনিধিদের সক্রিয় অংশগ্রহণ; জাতীয় ও স্থানীয় পর্যায়ে আদিবাসী জনগোষ্ঠীকেন্দ্রিক কর্মসূচি/প্রকল্প গ্রহণ, চাহিদা ও জনসংখ্যাভিত্তিক ন্যায্য বাজেট বরাদ্দের সিদ্ধান্তে তাদের অংশগ্রহণ; প্রচারণা ও আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহণ; উপজেলা/ইউনিয়ন কমিটিতে সুবিধাভোগী নির্বাচন ও সুবিধা প্রদান প্রক্রিয়ার সিদ্ধান্তে প্রতিনিধিত্ব; এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থায় প্রবেশগম্যতা |
| **সামাজিক নিরাপত্তা কর্মসূচির অভীষ্ট জনগোষ্ঠী** | ▪ সুবিধাভোগী (সুবিধা পাওয়ার জন্য উপযুক্ত) আদিবাসী জনগোষ্ঠী<br>▪ সুবিধাভোগী নন (কিন্তু সুবিধা পাওয়ার জন্য উপযুক্ত) এমন আদিবাসী জনগোষ্ঠী |
| **সংশ্লিষ্ট অংশীজন** | ▪ সংশ্লিষ্ট কেন্দ্রীয় ও স্থানীয় পর্যায়ের অংশীজন |
| **গবেষণার আওতাভুক্ত এলাকা** | ▪ বাংলাদেশের আদিবাসী জনগোষ্ঠী অধ্যুষিত বাছাইকৃত এলাকা |

# গবেষণা পদ্ধতি



- গুণগত পদ্ধতির গবেষণা; কিছুক্ষেত্রে সংখ্যাগত তথ্য-উপাত্ত ব্যবহার; প্রত্যক্ষ ও পরোক্ষ উভয় উৎস হতে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ

| তথ্যের ধরন | তথ্য সংগ্রহের পদ্ধতি | তথ্যের উৎস |
| --- | --- | --- |
| প্রত্যক্ষ | মুখ্য তথ্যদাতার সাক্ষাৎকার (মোট ১০৬) | **স্থানীয় পর্যায়ে:** স্থানীয় সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়ের কর্মকর্তা (সমাজসেবা, মহিলা বিষয়ক, প্রকল্প বাস্তবায়ন, প্রাণিসম্পদ, খাদ্য নিয়ন্ত্রক, ও উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা তথ্য আপা, উপজেলা স্বাস্থ্য কমপেক্সের আবাসিক চিকিৎসা কর্মকর্তা); আদিবাসী জনগোষ্ঠীর প্রতিনিধিত্বকারী সংগঠনের প্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধি ও কর্মচারী, স্থানীয় সাংবাদিক, এনজিও কর্মকর্তা |
| | | **জাতীয় ও কেন্দ্রীয় পর্যায়ে:** সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অধিদপ্তরের কর্মকর্তা, আদিবাসী জনগোষ্ঠীর সাথে সম্পৃক্ত বিশেষজ্ঞ ও উন্নয়ন সংস্থার কর্মকর্তা, প্রান্তিক জনগোষ্ঠীর জাতীয় পর্যায়ের নেতা |
| | দলীয় আলোচনা | ২৯টি আদিবাসী সম্প্রদায়ের জনগোষ্ঠী (সুবিধাভোগী/প্রার্থী); গোত্রপ্রধান |
| পরোক্ষ | প্রাতিষ্ঠানিক তথ্য | সংশ্লিষ্ট উপজেলা পরিষদের সামাজিক নিরাপত্তা কর্মসূচি বিষয়ক তথ্য |
| | | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সামাজিক নিরাপত্তা কর্মসূচি বিষয়ক তথ্য |
| | নথি ও গবেষণা পর্যালোচনা | প্রাসঙ্গিক আইন, নীতি ও বিধি, গবেষণা প্রতিবেদন, ওয়েবসাইটে প্রকাশিত তথ্য, বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন |

গবেষণার সময়কাল: জুন ২০২৪ -নভেম্বর ২০২৫

# বিশ্লেষণ কাঠামো



| সুশাসনের নির্দেশক | অন্তর্ভুক্ত বিষয়সমূহ |
| --- | --- |
| আইনি কাঠামো | সংশ্লিষ্ট আইন, বিধিবিধান ও বাস্তবায়ন নীতি প্রতিপালন, প্রায়োগিক চ্যালেঞ্জ এবং প্রক্রিয়া বিশ্লেষণ |
| সক্ষমতা ও কার্যকরতা | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং স্থানীয় বাস্তবায়নকারী সংস্থা/সংশ্লিষ্ট বাছাই কমিটিগুলোর সক্ষমতা ও কার্যকরতা (বাজেট, জনবল, ডিজিটালাইজেশন, তথ্য ব্যবস্থাপনা, দ্বৈততা ও যোগ্য সুবিধাভোগী যাচাই) |
| অংশগ্রহণ | পরিকল্পনা, নীতি এবং কর্মসূচি প্রণয়নে আদিবাসীদের অংশগ্রহণ; সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়ায় সুবিধাভোগী ও সংশ্লিষ্ট সকল অংশীজনের অংশগ্রহণ; উপযোগিতা মূল্যায়ন ও কার্য-ব্যবস্থাপনা/পরিচালনা কমিটিতে আদিবাসী জনগোষ্ঠীর অংশগ্রহণ |
| প্রবেশগম্যতা ও অন্তর্ভুক্তি | প্রচারণা; নিবন্ধন; আবেদনের শর্তাবলী; সুবিধাভোগী নির্বাচন; বিতরণ ব্যবস্থা |
| স্বচ্ছতা | সংশ্লিষ্ট বাছাই কমিটিগুলোর সুবিধাভোগী নির্বাচন; স্বপ্রণোদিত তথ্য প্রকাশ; তথ্যে অভিগম্যতা |
| অনিয়ম-দুর্নীতি | সুবিধাভোগী নির্বাচন; ভাতা/সেবা প্রদান |
| জবাবদিহি | অভিযোগ দাখিল ও প্রতিকার ব্যবস্থা/কাঠামো; সংশ্লিষ্ট অংশীজনদের জবাবদিহি ব্যবস্থা; তদন্ত ও শাস্তি; পরিবীক্ষণ, মূল্যায়ন ও তত্ত্বাবধান ব্যবস্থা |


গবেষণার ফলাফল

# আইনি ও নীতি কাঠামো



| আইনি বিধান | সীমাবদ্ধতা/ প্রায়োগিক চ্যালেঞ্জ |
|---|---|
| ❑ বাংলাদেশের সংবিধান<br>▪ আদিবাসীদের ‘উপজাতি’, ‘ক্ষুদ্র জাতিসত্তা’ ও ‘নৃগোষ্ঠী’ হিসেবে উল্লেখ [অনুচ্ছেদ ৬(২)] | ▪ আইএলও কনভেনশন [১৬৯]-এ ‘আদিবাসী’ পরিচয় ও প্রথাগত ভূমি-অধিকারের স্বীকৃতি দিলেও বাংলাদেশের অনুস্বাক্ষর না করা<br>▪ ‘আদিবাসী’ হিসেবে সাংবিধানিক স্বীকৃতির অভাবে উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত ভূমি-অধিকার খর্ব<br>▪ পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তিতে (১৯৯৭) আংশিকভাবে আদিবাসীদের ভূমি-অধিকারের স্বীকৃতি; সমতলের আদিবাসীদের জন্য পৃথক ভূমি আইন না থাকা; জাতীয় আইনে আদিবাসীদের প্রথাগত ভূমি-স্বত্বের স্বীকৃতি অনুপস্থিত<br>▪ সামাজিক নিরাপত্তা কর্মসূচির আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে গৃহ নির্মাণে প্রথাগত ভূমির যোগ্যতা নির্ধারণে জটিলতা |
| ❑ ‘ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন’ ২০১০<br>▪ ৫০টি ‘ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর’ তালিকা গেজেট আকারে প্রকাশ (ধারা ১৯) | ▪ কিছু ‘ক্ষুদ্র নৃগোষ্ঠী’ সম্প্রদায়ের এই তালিকায় অন্তর্ভুক্ত না হওয়া<br>▪ তালিকায় অন্তর্ভুক্ত না হওয়া আদিবাসী সম্প্রদায়সমূহের বিভিন্ন সরকারি সেবা, নির্ধারিত কোটা ও তাদের জন্য গৃহীত সামাজিক নিরাপত্তা কর্মসূচির সুবিধা থেকে বঞ্চিত হওয়া |

# আইনি ও নীতি কাঠামো...



| আইনি বিধান | সীমাবদ্ধতা/ প্রায়োগিক চ্যালেঞ্জ |
|---|---|
| **❑ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন (২০১৩)**<br>▪ আইনে বর্ণিত ধরন অনুযায়ী প্রতিবন্ধিতাসম্পন্ন ব্যক্তি চিহ্নিত করা | ▪ প্রতিবন্ধী ব্যক্তির নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানে উপজেলা কমিটি/ সংশ্লিষ্ট কর্মকর্তার উল্লিখিত আইনের ধারা অনুসরণ না করা |

| নীতি ও পরিকল্পনা | সীমাবদ্ধতা/ প্রায়োগিক চ্যালেঞ্জ |
|---|---|
| **❑ বাংলাদেশ অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২০-২০২৫)**<br>▪ শুধু পার্বত্য অঞ্চলের ‘নৃতাত্ত্বিক জনগোষ্ঠীর’ দারিদ্র্য, শিক্ষার নিম্ন হার, খাদ্যসংকট ও ভূমি সমস্যা চিহ্নিত | ▪ সমতলের আদিবাসীদের সমস্যাগুলোকে চিহ্নিত না করায় তাদের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে ঘাটতি |
| ▪ পার্বত্য চট্টগ্রামের জন্য কৌশলগত অভীষ্ট ও নীতি নির্দেশনা হিসেবে স্বতন্ত্র ‘প্রেক্ষিত পরিকল্পনা’ প্রণয়নের সিদ্ধান্ত | ▪ পার্বত্য চট্টগ্রামের জন্য স্বতন্ত্র ‘প্রেক্ষিত পরিকল্পনা’ প্রণয়ন না হওয়ায় স্থানীয় আদিবাসী জনগোষ্ঠীর জন্য উন্নয়ন পরিকল্পনা সম্ভব না হওয়া<br>▪ বিদ্যমান উন্নয়ন পরিকল্পনায় স্থানীয় সামাজিক, অর্থনৈতিক ও ভৌগোলিক বাস্তবতার প্রতিফলন না হওয়া |
| ▪ সমতলের আদিবাসীদের জন্য আলাদা ‘ভূমি কমিশন’ গঠনের সিদ্ধান্ত | ▪ সমতলের আদিবাসীদের জন্য ‘ভূমি কমিশন’ গঠিত না হওয়ায় আদিবাসীদের উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত ভূমি হারানো ও উচ্ছেদ; ভূমি বিরোধে আইনি সুরক্ষা না পাওয়া; এবং জাতীয় নীতিতে তাদের সমস্যা ও প্রয়োজন প্রতিফলিত না হওয়া |

# আইনি ও নীতি কাঠামো...

| নীতি ও কৌশল | সীমাবদ্ধতা/ প্রায়োগিক চ্যালেঞ্জ |
|---|---|
| ❑ **জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (২০১৫)** | |
| ▪ পার্বত্য অঞ্চলের 'নৃগোষ্ঠী'দের দারিদ্র্য ও খাদ্য সংকট চিহ্নিত করা | ▪ সমতলের আদিবাসীদের সমস্যাকে চিহ্নিত না করা |
| ▪ সুবিধাবঞ্চিত ও প্রান্তিক জনগোষ্ঠীর বিশেষ প্রয়োজনের সাথে সামঞ্জস্যপূর্ণ বিশেষ কর্মসূচি প্রণয়নের প্রস্তাব | ▪ সুবিধাবঞ্চিত ও প্রান্তিক জনগোষ্ঠীর বিশেষ প্রয়োজনকে সংজ্ঞায়িত না করা এবং 'নৃগোষ্ঠী'দের অগ্রাধিকার না দেওয়ায় তাদের প্রয়োজনের সাথে সামঞ্জস্যপূর্ণ সামাজিক নিরাপত্তা কর্মসূচি প্রণয়নের গুরুত্ব প্রদানে ঘাটতি |
| ▪ প্রান্তিক জনগোষ্ঠীর সম্ভাব্য সুবিধাভোগী চিহ্নিতকরণে এনজিওদের সম্পৃক্ত করা | ▪ সামাজিক নিরাপত্তার অধিকাংশ বিধিমালা/ নীতিমালা/ নির্দেশিকায় সুবিধাভোগী চিহ্নিতকরণে এনজিওদের সম্পৃক্ত করার নির্দেশনা অনুপস্থিত |
| ▪ বৈষম্যহীনতার লক্ষ্যে সামাজিক নিরাপত্তার বিভিন্ন কর্মসূচির মানদণ্ড নির্বিশেষে সবার জন্য সহজলভ্য করার সুপারিশ | ▪ সক্ষমতা, বাস্তবতা এবং কাঠামোগত প্রতিবন্ধকতার কারণে সামাজিক নিরাপত্তা কর্মসূচির বিভিন্ন মানদণ্ড (আবশ্যকীয় সনদ যেমন জন্মসনদ, জাতীয় পরিচয়পত্র, মৃত্যুসনদ ইত্যাদি) আদিবাসীদের জন্য সহজলভ্য না হওয়া |
| ▪ প্রান্তিক জনগোষ্ঠীকে সামাজিক নিরাপত্তা কর্মসূচির মূলধারায় সম্পৃক্ত করতে কার্যকর অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা গ্রহণের সুপারিশ | ▪ অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা লিখিত এবং অনলাইনভিত্তিক হওয়ায় ভাষাগত ও ইন্টারনেট সংক্রান্ত প্রতিবন্ধকতার কারণে আদিবাসী জনগোষ্ঠীর জন্য এটি কার্যকর ও সহজে প্রবেশগম্য না হওয়া |

# আইনি ও নীতি কাঠামো...



| নীতি ও কর্মপরিকল্পনা | সীমাবদ্ধতা/ প্রায়োগিক চ্যালেঞ্জ |
| --- | --- |
| ❑ জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মপরিকল্পনা (২০১৬-২০২৬)<br>▪ দরিদ্র ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে অগ্রাধিকার প্রদান<br>▪ তাদের উদ্দেশ্যে গৃহীত কর্মসূচির বরাদ্দ ও পরিধি বৃদ্ধির ওপর জোর দেওয়া | ▪ দরিদ্র ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী হিসেবে আদিবাসী জনগোষ্ঠী বিশেষ করে সমতলের আদিবাসীরা অধিকাংশ ক্ষেত্রে গুরুত্ব না পাওয়া<br>▪ সামাজিক নিরাপত্তার বিভিন্ন কর্মসূচিতে আদিবাসী জনগোষ্ঠীকে অগ্রাধিকারের তালিকায় না রাখা এবং বিশেষ করে সমতলের আদিবাসী জনগোষ্ঠীর উদ্দেশ্যে গৃহীত কর্মসূচির বরাদ্দ ও পরিধি হ্রাস |
| **সামাজিক নিরাপত্তা কর্মসূচির নীতিমালার নির্দেশনা** | **সীমাবদ্ধতা/ প্রায়োগিক চ্যালেঞ্জ** |
| ❑ প্রচারণা সম্পর্কিত নির্দেশনা<br>▪ নীতিমালায় প্রচারণার বিষয়বস্তু ও বাজেট সম্পর্কিত নির্দেশনা না থাকা | ▪ সামাজিক নিরাপত্তা কর্মসূচির নীতিমালায় উল্লিখিত বিষয়ে নির্দেশনা না থাকায় স্থানীয় পর্যায়ে প্রচারণা/ মাইকিংয়ের জন্য বাজেট বরাদ্দ না রাখা, এবং প্রচারণা না করা |
| ▪ নীতিমালায় প্রচারণার নির্দেশনা না থাকা<br>(খাদ্যবান্ধব; জেলে ভিজিএফ; টিসিবি ফ্যামিলি কার্ড; কাবিখা; কাবিটা; ইজিপিপি; তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন; 'সমন্বিত প্রাণিসম্পদ' প্রকল্প; বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা; আশ্রয়ণ-২ প্রকল্প) | ▪ সামাজিক নিরাপত্তার উল্লিখিত কর্মসূচিসমূহের আবেদনের সময় এবং প্রক্রিয়া সম্পর্কে প্রচার না করা - আদিবাসীদের এসব কর্মসূচি সম্পর্কে না জানা<br>▪ অংশগ্রহণকারীদের অনেকেরই নিজের আবেদনকৃত ও সুবিধা পাওয়া কর্মসূচি ভিন্ন অন্য কর্মসূচি সম্পর্কে না জানা |

# আইনি ও নীতি কাঠামো...



| সামাজিক নিরাপত্তা কর্মসূচির নীতিমালার নির্দেশনা | সীমাবদ্ধতা/ প্রায়োগিক চ্যালেঞ্জ |
| --- | --- |
| **❑ তালিকা হালনাগাদ সম্পর্কিত নির্দেশনা**<br>▪ উপজেলা কার্যালয়, ইউনিয়ন পরিষদ, নির্বাচন অফিস ও পরিসংখ্যান বিভাগ থেকে তথ্য সংগ্রহ করে প্রতিবছর সুবিধা পাওয়ার যোগ্য জনগোষ্ঠীর তালিকা হালনাগাদ করা | ▪ মৃত ভাতাভোগীর তথ্য জানার আনুষ্ঠানিক ব্যবস্থা না থাকায় তথ্য হালনাগাদের চ্যালেঞ্জ<br>▪ ইউনিয়নে সুবিধা পাওয়ার যোগ্য জনগোষ্ঠীর তালিকা প্রতিবছর হালনাগাদ না করা - উপজেলা ও ইউনিয়নভিত্তিক সঠিক বরাদ্দ বিশেষকরে সুবিধা পাওয়ার যোগ্য আদিবাসী জনগোষ্ঠীর জন্য বরাদ্দ নির্ধারণে চ্যালেঞ্জ |
| **❑ দরিদ্র এলাকার জন্য বিশেষ কোটা** (বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যক্তা, প্রতিবন্ধী ভাতা ও উপবৃত্তি)<br>▪ দরিদ্র ও পশ্চাৎপদ এলাকার জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের বিশেষ কোটা | ▪ দরিদ্র ও পশ্চাৎপদ এলাকায় অগ্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি কারা হবে এবং কী হারে বরাদ্দ দেওয়া হবে সেই নির্দেশনা না থাকায় আদিবাসীদের নিবন্ধনে অনিশ্চয়তা |
| **❑ সভা পরিচালনা সংক্রান্ত নির্দেশনা**<br>▪ স্থানীয় কমিটিগুলোর বছরে ন্যূনতম ১-৬টি সভা পরিচালনা করা<br>(খাদ্যবান্ধব; জেলে ভিজিএফ; টিসিবি ফ্যামিলি কার্ড; মা ও শিশু সহায়তা; বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা; সমন্বিত প্রাণিসম্পদ প্রকল্প) | ▪ জেলে ভিজিএফ, সমন্বিত প্রাণিসম্পদ প্রকল্প, বিশেষ এলাকার উন্নয়ন সহায়তা এবং টিসিবি ফ্যামিলি কার্ড কর্মসূচির সুবিধাভোগী নির্বাচনে ইউনিয়ন কমিটি না থাকা<br>▪ উল্লিখিত কর্মসূচিসমূহের সংশ্লিষ্ট স্থানীয় কমিটিগুলোর নির্দিষ্ট সংখ্যক সভা পরিচালনার নির্দেশনা না থাকায় সকল অংশীজন বিশেষ করে আদিবাসী প্রতিনিধিদের অংশগ্রহণ ও সমন্বয়ের ঘাটতি |

# আইনি ও নীতি কাঠামো...



| সামাজিক নিরাপত্তা কর্মসূচির নীতিমালার নির্দেশনা | সীমাবদ্ধতা/ প্রায়োগিক চ্যালেঞ্জ |
|---|---|
| ❑ **প্রকল্প নির্বাচন** (‘বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য এলাকা ব্যতীত’)<br>▪ প্রান্তিক ও দরিদ্র আদিবাসীদের আর্থ-সামাজিক অবস্থা এবং মৌলিক চাহিদা বিবেচনা করা | ▪ অনেক ক্ষেত্রেই প্রান্তিক ও দরিদ্র আদিবাসীদের চাহিদা যাচাই ব্যতীত উপজেলা নির্বাহী অফিসারের প্রকল্প নির্বাচন<br>▪ স্থানীয় চাহিদা যাচাইয়ে সংখ্যাগরিষ্ঠ কিছু আদিবাসী সম্প্রদায়ের আধিপত্যের কারণে অন্যান্য সম্প্রদায়ের চাহিদা বিবেচনা না করা |
| ❑ **মাঠ সহায়তাকারী নিয়োগ** (‘সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য সমন্বিত প্রাণিসম্পদ’)<br>▪ আদিবাসীদের মধ্য থেকে খণ্ডকালীন ‘মাঠ সহায়তাকারী’ নিয়োগ | ▪ ‘মাঠ সহায়তাকারী’ নিয়োগ প্রক্রিয়ার নির্দেশনা না থাকায় নিয়োগে সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়ের প্রাধান্য<br>▪ অন্যান্য আদিবাসী সম্প্রদায়ের কর্মসূচিতে অংশগ্রহণে চ্যালেঞ্জ |
| ❑ **‘ভূমি নির্বাচন’ সংক্রান্ত নির্দেশনা** (আশ্রয়ণ-২)<br>▪ মালামাল পরিবহণে সমস্যা, নির্মাণ ব্যয় বৃদ্ধি, দুর্গম প্রত্যন্ত অঞ্চলে গৃহ নির্মাণের জায়গা নির্বাচন না করা, এবং সুবিধাভোগীদের পরিবারের মধ্য থেকে গৃহ নির্মাণে শ্রমিক নিয়োগের বাধ্যবাধকতা | ▪ আবাসন বরাদ্দে দুর্গম, পাহাড়ি এবং প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারী আদিবাসীদের বিবেচনায় না নেওয়া<br>▪ আদিবাসীদের প্রথা, সংস্কৃতি এবং চাহিদাকে বিবেচনায় না নিয়ে ঘরের নকশা প্রণয়নের কারণে সুবিধা গ্রহণে চ্যালেঞ্জ<br>▪ সুবিধাভোগী পরিবারের মধ্য থেকে শ্রমিক নিয়োগ না দেওয়া |
| ❑ **অভিযোগ দাখিল ও প্রতিকার ব্যবস্থা সম্পর্কিত নির্দেশনা** | ▪ ভিডব্লিউবি এবং ইজিপিপি ছাড়া অন্যান্য কর্মসূচির অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি কমিটি গঠন প্রক্রিয়া, প্রতিবেদন দাখিলের সময়সীমা, তদন্ত ও শাস্তি এবং চূড়ান্ত পদক্ষেপ গ্রহণের সুনির্দিষ্ট নির্দেশনা না থাকা |

# সক্ষমতা ও কার্যকরতা: আর্থিক বরাদ্দ



| | অর্থবছর | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ (অনুমোদিত) |
| জাতীয় বাজেটে সামাজিক নিরাপত্তার অংশ | ১৬.৮৩% | ১৮.৮% | ১৭.৮% | ১৫.৯% | ১২.৮% | ১৪.৭৮% |
| জিডিপিতে সামাজিক নিরাপত্তার অংশ | ৩.১০% | ২.৮% | ২.৭% | ২.৫% | ২.৪% | ১.৮৭% |

## জিডিপি'তে সামাজিক নিরাপত্তা বাজেটের হার হ্রাস

- ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার (২০১১- ২০১৫) শেষ নাগাদ সামাজিক নিরাপত্তা খাতের ব্যয় ২% থেকে জিডিপির ৩% উন্নীত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ হলেও শুধু ২০২০-২১ অর্থবছরে (৩.১০%) লক্ষ্য অর্জিত
- পরবর্তী পাঁচ অর্থবছরে এই খাতে আর্থিক বরাদ্দ বৃদ্ধি পেলেও জাতীয় বাজেট ও জিডিপি'তে সামাজিক নিরাপত্তা খাতে বরাদ্দের হার ক্রমাগত হ্রাস

## সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে আদিবাসীদের জন্য নগণ্য বরাদ্দ

- ২০২১-২২ থেকে ২০২৫-২৬ অর্থবছর পর্যন্ত সামাজিক নিরাপত্তা কর্মসূচির বার্ষিক গড় বাজেট ১,১৩,২৬৪ কোটি টাকা
- এই পাঁচ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচির বার্ষিক গড় বাজেটের তুলনায় সমতল অঞ্চলের আদিবাসীদের জন্য নির্দিষ্ট গৃহীত কর্মসূচি এবং পার্বত্য অঞ্চলভিত্তিক বার্ষিক গড় বরাদ্দ ০.৫১% (৫৭৮.৮৫ কোটি টাকা)
- ২০২৫-২৬ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচির মোট বাজেটের ৪১% বরাদ্দ রাখা হয়েছে 'সামাজিক সহায়তা' খাতের ৩৬টি কর্মসূচির জন্য—যেখানে আদিবাসীদের নির্দিষ্ট কোটা/অগ্রাধিকার না থাকায় 'সামাজিক সহায়তা' খাতে আদিবাসীদের অন্তর্ভুক্তির হার জানা সম্ভব না হওয়া

# সক্ষমতা ও কার্যকরতা: আর্থিক বরাদ্দ



## পার্বত্য অঞ্চলের আদিবাসীদের জন্য নির্দিষ্ট কর্মসূচি এবং বরাদ্দ না থাকা

- পার্বত্য অঞ্চলের আদিবাসীদের জন্য নির্দিষ্ট কর্মসূচি না থাকা
- ২০২১-২২ থেকে ২০২৫-২৬ অর্থবছর পর্যন্ত সামাজিক নিরাপত্তা খাতে পার্বত্য অঞ্চলভিত্তিক বার্ষিক গড় বাজেট ৪২৩.৬৫ কোটি টাকা এবং গড় বরাদ্দ ০.৩৭% হলেও শুধু এ অঞ্চলের আদিবাসীদের জন্য বরাদ্দ নির্দিষ্ট করে না দেওয়া - সামাজিক নিরাপত্তা বাজেটে এই অঞ্চলের আদিবাসীদের জন্য বরাদ্দের হার নিরূপণ সম্ভব না হওয়া

## আদিবাসী অধ্যুষিত সমতল অঞ্চলে আদিবাসীদের জন্য অনিয়মিত কর্মসূচি এবং বাজেট বরাদ্দ

- ২০২১-২২ থেকে ২০২৫-২৬ অর্থবছর পর্যন্ত শুধুমাত্র সমতলের আদিবাসীদের কর্মসূচির জন্য বার্ষিক গড় বাজেট ১৫৫.২ কোটি টাকা এবং গড় বরাদ্দ ০.১৪%; সমতলের আদিবাসীদের জন্য কর্মসূচির সংখ্যা ও বরাদ্দ বৃদ্ধি না করা
- ২০২৫-২৬ অর্থবছরে সমতলের আদিবাসীদের উল্লেখযোগ্য অংশগ্রহণ রয়েছে এমন কর্মসূচি (জেলে, তাঁতি এবং চা-শ্রমিকদের জন্য কর্মসূচি) বাতিল
  - চা-শ্রমিকদের জন্য মাসিক ভাতা, শিক্ষার্থী উপবৃত্তি এবং অদক্ষ শ্রমিকদের প্রশিক্ষণ কর্মসূচির ঘোষণা দেওয়া হলেও ২০২৫-২৬ অর্থবছরে তাদের জন্য কোনো কর্মসূচি না রাখা
- সমতলের আদিবাসীদের জন্য একদিকে প্রাণিসম্পদ প্রকল্পে সুবিধাভোগীদের সংখ্যা একই রেখে বরাদ্দ অর্ধেক করা, অন্যদিকে বিশেষ উন্নয়ন সহায়তা প্রকল্পে বাজেট না বাড়িয়ে সুবিধাভোগীর সংখ্যা বৃদ্ধি - ফলে সুবিধাভোগীদের মাথাপিছু বরাদ্দ কমে যাওয়া

# সক্ষমতা ও কার্যকরতা: জনবল বরাদ্দ 

## তালিকা যাচাই ও হালনাগাদ কার্যক্রমে জনবল বরাদ্দে ঘাটতি

- ইউনিয়নপ্রতি অন্তত একজন ইউনিয়ন সমাজকর্মী থাকার নির্দেশনা থাকলেও কার্যত সমতল অঞ্চলে একটি উপজেলায় ১-৩ জন ইউনিয়ন সমাজকর্মী - সুবিধাপ্রার্থীর তালিকা যাচাইয়ের ক্ষেত্রে চ্যালেঞ্জ
- পার্বত্য অঞ্চলে ইউনিয়নের সংখ্যা কম হলেও দুর্গমতা ও ভৌগোলিক প্রতিবন্ধকতা বিবেচনা না করে স্বল্প সংখ্যক জনবল দিয়ে তালিকা যাচাইয়ের ক্ষেত্রে চ্যালেঞ্জ
- ‘লাইভ ভেরিফিকেশন’ নিয়মিত না করার কারণে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অযোগ্য ও মৃত্যুবরণকারী ভাতাভোগী শনাক্তে চ্যালেঞ্জ
- ‘লাইভ ভেরিফিকেশনে’ ভাতাভোগী অনুপস্থিত থাকায় মৃত দেখিয়ে তালিকা থেকে বাদ দেয়ার অভিযোগ

## কর্মসূচির সার্বিক তদারকিকে ঘাটতি

- উপজেলা পর্যায়ে দায়িত্বের বিকেন্দ্রীকরণ না থাকা; সরকারি বিভিন্ন কমিটিতে সভাপতি/সহসভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসারের অতিরিক্ত দায়িত্ব পালন এবং ঘন ঘন বদলির কারণে সামাজিক নিরাপত্তার সার্বিক বাস্তবায়ন ও তদারকিতে চ্যালেঞ্জ
- উপস্থিতি বাধ্যতামূলক হলেও জনবল সংকট ও পর্যাপ্ত টিএ/ডিএ প্রদান না করার কারণে কার্ড ও খাদ্যদ্রব্য বিতরণ স্থানে ট্যাগ অফিসারের (দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা) অনুপস্থিতি
- পার্বত্য অঞ্চলে উপজেলা কর্মকর্তাদের একাধিক উপজেলার দায়িত্বে থাকার কারণে সামাজিক নিরাপত্তা কর্মসূচির তালিকা যাচাই, বাস্তবায়ন তদারকি এবং অভিযোগ নিষ্পত্তির তদারকিতে ঘাটতি

# সক্ষমতা ও কার্যকরতা: তথ্য ব্যবস্থাপনা



## সামাজিক নিরাপত্তা কর্মসূচির তথ্য ব্যবস্থাপনায় ঘাটতি

- কেন্দ্রীয় পর্যায়ে ক্লাস্টার মন্ত্রণালয়গুলোর দীর্ঘসূত্রিতার কারণে একক রেজিস্ট্রি তথ্যব্যবস্থা ও কর্মসূচিভিত্তিক এমআইএস সমন্বয়ের কাজ বাস্তবায়িত না হওয়া
- উপজেলা সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন কার্যালয়সমূহের বিভিন্ন কর্মসূচির সুবিধাভোগীর দ্বৈততা পরিহারে এমআইএস ব্যবস্থাপনায় আন্তঃকর্মসূচি সমন্বয়হীনতা
- উপজেলা কার্যালয়সমূহের সুবিধাপ্রার্থীর দ্বৈততা যাচাই, তথ্য সংরক্ষণ ও সংশোধনে জনপ্রতিনিধিদের ওপর অতিনির্ভরতা - সুবিধাভোগীর দ্বৈততা, যোগ্যদের সুবিধাবঞ্চিত হওয়া ও অযোগ্যদের অন্তর্ভুক্তির সুযোগ সৃষ্টি
- কর্মসূচিসমূহের সুবিধাভোগী নির্বাচনে অগ্রাধিকার তালিকায় আদিবাসী জনগোষ্ঠীদের না থাকা এবং উপজেলা কার্যালয়সমূহের তথ্য ব্যবস্থাপনায় জনপ্রতিনিধিদের ওপর অতিনির্ভরতার কারণে যোগ্য আদিবাসীদের অন্তর্ভুক্তির সুযোগ আরও সীমিত হয়ে পড়া

# অংশগ্রহণ



## কেন্দ্রীয় পর্যায়ে আদিবাসী প্রতিনিধিদের অংশগ্রহণে ঘাটতি

- কেন্দ্রীয় পরিকল্পনা ও সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় আদিবাসী প্রতিনিধিদের অন্তর্ভুক্ত না করা
- কেন্দ্রীয় পরিকল্পনায় আদিবাসী জনগোষ্ঠীর চাহিদা এবং ভৌগোলিক বৈচিত্র্য বিবেচনা না করে একই কাঠামোর অধীন নীতিমালা এবং প্রকল্প নকশা প্রণয়ন
- আদিবাসী জনগোষ্ঠীর জনসংখ্যাভিত্তিক ও ন্যায্য বাজেট বরাদ্দ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে তাদের অংশগ্রহণ নিশ্চিত না করা

## স্থানীয় পর্যায়ে আদিবাসী প্রতিনিধি ও এনজিওদের অংশগ্রহণে ঘাটতি

- ‘বিশেষ এলাকার জন্য উন্নয়ন’ কর্মসূচি ছাড়া অন্যান্য কর্মসূচির কমিটিগুলোতে আদিবাসী প্রতিনিধির অংশগ্রহণের নির্দেশনা না থাকা - আনুষ্ঠানিকভাবে প্রকল্প ও সুবিধাভোগী নির্বাচন এবং সিদ্ধান্ত গ্রহণে আদিবাসী সংগঠনকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সম্পৃক্ত না করা
- পার্বত্য এলাকার সব এবং সমতলে কিছু ইউনিয়নের কমিটিতে জনপ্রতিনিধি হিসেবে আদিবাসী সদস্য অন্তর্ভুক্ত থাকলেও প্রান্তিক আদিবাসীদের চাহিদার প্রতিফলন অনুপস্থিত
- প্রাথমিক বাছাই কমিটিতে আদিবাসী প্রতিনিধি, হেডম্যান, কারবারীদের অন্তর্ভুক্ত না করা; ক্ষেত্রবিশেষে অন্তর্ভুক্ত থাকলেও তাদের মতামতকে গুরুত্ব না দেওয়া
- ভিডব্লিউবি, মা ও শিশু সহায়তা, খাদ্যবান্ধব ও মানবিক সহায়তা কর্মসূচি ছাড়া অন্যান্য সামাজিক নিরাপত্তা কর্মসূচির সংশ্লিষ্ট কমিটিতে এনজিওদের অংশগ্রহণের নির্দেশনা না থাকা

# প্রবেশগম্যতা: প্রচার-প্রচারণা

## প্রচারণায় ঘাটতি

- বেশিরভাগ কর্মসূচির ক্ষেত্রে মাইকিং না করা - মানুষের মুখে মুখে ও ইউনিয়ন সদস্যদের মাধ্যমে কর্মসূচি সম্পর্কে বেশিরভাগ অংশগ্রহণকারীর তথ্য প্রাপ্তি
- বিভিন্ন কর্মসূচির প্রচারণায় সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি সর্বাধিক মাইকিং করার দাবি করলেও মাইকিংয়ের মাধ্যমে তথ্য পৌঁছানো অপ্রতুল; অধিকাংশ ইউনিয়নে তথ্য সংগ্রহকালীন পূর্ববর্তী এক বছরে গবেষণায় অংশগ্রহণকারীদের এসব কর্মসূচির বিষয়ে মাইকিং না শোনার অভিযোগ
- অবস্থান, দূরত্ব ও ভৌগোলিক প্রতিবন্ধকতার কারণে মাইকিংয়ের মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের তথ্য প্রচার না করার কারণ হিসেবে উল্লেখ
- জিটুপি পেমেন্ট সিস্টেমে ভাতা বিনামূল্যে উত্তোলনের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রচারণা না চালানো
- মানবিক সহায়তা কর্মসূচির আওতায় প্রতি ওয়ার্ডে নির্দেশিকা প্রচার না করা; দুর্গম অঞ্চলের আদিবাসীদের এসব কর্মসূচি সম্পর্কে অবগত না থাকা

"এখানে তো ৮নং ও ৯নং ওয়ার্ডে গাড়িও যায় না ... রাস্তার পাশেই মাইকিং করা হয় মূলত।" - *ইউপি সদস্য, বান্দরবান*

"রাস্তা থেকে দূরে গ্রাম... গ্রামের শুরু থেকে মাইকিং করে শেষ হয় গ্রাম পার হয়ে গিয়ে ... অনেকেই সবটুকু শুনতে পায় না।" - *আদিবাসী সুবিধাভোগী, রাজশাহী*

# প্রবেশগম্যতা: নিবন্ধন প্রক্রিয়া 

## অনলাইন আবেদন প্রক্রিয়ায় প্রতিবন্ধকতা

- দুর্গম পার্বত্য অঞ্চলে ইন্টারনেট, বিদ্যুৎ ও মোবাইল নেটওয়ার্ক না থাকায় আদিবাসীদের আবেদনে বাধা
- সমতল ও পার্বত্য অঞ্চলে কিছু এলাকায় ধীরগতির ইন্টারনেটের কারণে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে আবেদন করতে বাধা
- প্রান্তিক আদিবাসী, বিশেষ করে নারী, বয়স্ক ও গুরুতর প্রতিবন্ধী ব্যক্তিদের নিজস্ব স্মার্টফোন, মোবাইল, ডিজিটাল স্বাক্ষরতা ও প্রবেশগম্যতা না থাকায় আবেদন করতে না পারা
- ভাষাগত প্রতিবন্ধকতার কারণে আদিবাসী জনগোষ্ঠীর সদস্যদের আবেদন করতে বাধা
- (ভিডব্লিউবি ছাড়া) যেসব কর্মসূচিতে অনলাইনে আবেদন করতে হয়, কেন্দ্রীয় পর্যায় থেকে তাদের কোনো বিকল্প আবেদন পদ্ধতি না রাখা
- পার্বত্য দুর্গম অঞ্চলে আবেদনের সময়সীমা পর্যাপ্ত না থাকা—নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে আবেদন করতে না পারলে নিবন্ধনের সুযোগ থেকে বঞ্চিত হওয়া

## স্বশরীরে/ লিখিত আবেদন প্রক্রিয়ায় সক্ষমতার ঘাটতি

- ভাষাগত প্রতিবন্ধতা, লেখার সক্ষমতা না থাকা, প্রয়োজনীয় নথিপত্র এবং আবেদন প্রক্রিয়া সম্পর্কে ধারণা না থাকা - এই প্রক্রিয়ায় আদিবাসীদের জনপ্রতিনিধিদের ওপর নির্ভরশীলতা
- আদিবাসী সুবিধাপ্রার্থীদের তথ্য সঠিকভাবে প্রদান, সংশোধন ও যাচাই করতে সক্ষমতার ঘাটতি - স্থানীয় জনপ্রতিনিধি/ ইউনিয়ন উদ্যোক্তাদের কাছ থেকে এ সংক্রান্ত পর্যাপ্ত সহযোগিতা না পাওয়ায় নিবন্ধনের নিশ্চয়তা না থাকা

# প্রবেশগম্যতা: আবেদনের শর্তাবলী



## আবশ্যকীয় সনদ ও শর্ত পূরণে প্রতিবন্ধকতা (বয়স্ক; বিধবা ও স্বামী পরিত্যক্তা; মা ও শিশু সহায়তা)

- আদিবাসী জনগোষ্ঠীর মধ্যে জন্মসনদ, জাতীয় পরিচয়পত্র, মৃত্যু সনদ ও গর্ভধারণ সেবাকার্ড প্রাপ্তির প্রক্রিয়া সম্পর্কে অজ্ঞতার কারণে সনদ প্রাপ্তির ক্ষেত্রে বাধা
- জন্মসনদ/ পরিচয়পত্রের নথিতে তথ্য ভুল থাকলে আদিবাসীদের সংশোধন করতে সংশ্লিষ্ট কার্যালয়ে ভোগান্তি
- আদিবাসী নারীদের মা ও শিশু সহায়তা কর্মসূচিতে অগ্রাধিকার থাকলেও বাল্যবিবাহের প্রবণতা এবং প্রাপ্তবয়স্ক না হওয়ায় জাতীয় পরিচয়পত্র করতে না পারার কারণে আবেদনের শর্ত (১৮-৩৫ বছর ও জাতীয় পরিচয়পত্র) পূরণ করতে না পারা
- সমতল এবং পার্বত্যের দুর্গম অঞ্চলের গর্ভবতী আদিবাসী নারীদের যাতায়াত সমস্যা ও ব্যয়ের কারণে স্বাস্থ্যসেবা কার্যালয়ে গিয়ে সেবা গ্রহণ কষ্টসাধ্য এবং গর্ভধারণ সেবাকার্ড করতে না পারা - ফলে এই কর্মসূচিতে নিবন্ধন সীমিত

## প্রতিবন্ধী ভাতা ও উপবৃত্তি কার্যক্রমের শর্ত পূরণে সক্ষমতার ঘাটতি

- প্রান্তিক আদিবাসীদের প্রতিবন্ধী পরিচয় নিবন্ধন প্রক্রিয়া সম্পর্কে না জানা, দুর্গমতা, এবং ডিজিটাল সক্ষমতা ও প্রবেশগম্যতা না থাকার কারণে ডিসঅ্যাবিলিটি ইনফরমেশন সিস্টেমে (ডিআইএস) অন্তর্ভুক্ত হতে না পারা - ফলে প্রতিবন্ধী ইস্যুকৃত কার্ড/ পরিচয়পত্র না পাওয়া এবং আবেদনের শর্ত পূরণ করতে না পারা
- জটিল শ্রবণ, দৃষ্টি, মানসিক ও বহুমাত্রিক প্রতিবন্ধিতা নির্ধারণে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা কর্মকর্তাদের উপযুক্ত দক্ষতা ও যন্ত্রপাতির ঘাটতি

# প্রবেশগম্যতা: বিতরণ প্রক্রিয়া



**ভাতা প্রদান প্রক্রিয়ার ঘাটতি** (বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যক্তা, প্রতিবন্ধী, মা ও শিশু, ইজিপিপি, চা শ্রমিক ভাতা)

- জিটুপি পেমেন্ট সিস্টেমে ভাতাভোগী উপস্থিত থেকে ভাতা উত্তোলন করার প্রয়োজন না হওয়া এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ মৃত্যুবরণকারী ভাতাভোগীর তথ্য নিয়মিত হালনাগাদ না করায় মৃত ব্যক্তির নিবন্ধিত মোবাইল নাম্বারে ভাতা প্রদান অব্যাহত
- এজেন্ট ব্যাংকিংয়ে বয়স্কদের ভাতা উত্তোলনের সময় মেশিনে আঙুলের ছাপ গ্রহণ না করার ফলে উদ্ভূত সমস্যা
- দুর্গম পার্বত্য অঞ্চলে মোবাইল নেটওয়ার্ক না থাকা এবং ব্যবহার না করার কারণে ভাতাভোগীর নিবন্ধিত সিম নিষ্ক্রিয় হয়ে যাওয়া—আদিবাসীদের ভাতা গ্রহণ করতে না পারা এবং নিবন্ধিত নিষ্ক্রিয় সিম পুনরায় সক্রিয় করতে জটিলতা
- বিশেষত নারী, বয়স্ক ও প্রতিবন্ধী আদিবাসীদের সীমিত ডিজিটাল সক্ষমতার কারণে বিতরণ প্রক্রিয়ায় প্রবেশগম্যতার ঘাটতি
- দুর্গম পার্বত্য এলাকায় কাছাকাছি এজেন্ট ব্যাংক বা এমএফএস এজেন্ট না থাকায় ভাতা উত্তোলনে ভোগান্তি
- উচ্চ পরিবহন ব্যয় এড়াতে দুর্গম পার্বত্য এলাকার আদিবাসী ভাতাভোগীদের তৃতীয় পক্ষের মাধ্যমে অর্থের বিনিময়ে ভাতা উত্তোলন

**প্রশিক্ষণ প্রদানে ঘাটতি** (ভিডব্লিউবি, মা ও শিশু সহায়তা)

- প্রশিক্ষণ কার্যক্রমের নকশা ও বাস্তবায়নে স্থানীয় প্রেক্ষাপট বিবেচনায় ঘাটতি, দৈনিক মজুরির তুলনায় কম প্রশিক্ষণ ভাতা নির্ধারণ এবং দূরত্বজনিত অতিরিক্ত যাতায়াত ব্যয়ের কারণে আদিবাসী কর্মজীবী নারীদের অংশগ্রহণ সীমিত

# প্রবেশগম্যতা: বিতরণ প্রক্রিয়া...



**খাদ্যদ্রব্য বিতরণ প্রক্রিয়া ও তথ্য প্রচারে ঘাটতি** (খাদ্য বান্ধব কর্মসূচি, টিসিবি ফ্যামিলি কার্ড ও ভিডব্লিউবি)

- সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পক্ষ থেকে (উপজেলা নির্বাহী অফিসার, ডিলার, ইউনিয়ন চেয়ারম্যান) সুবিধাভোগীদের খাদ্যদ্রব্য বিতরণ সংক্রান্ত তথ্য প্রদানে ঘাটতির ফলে পার্বত্য অঞ্চলে -
  - দীর্ঘসময় অপেক্ষার ভোগান্তি এবং অনেকসময় খাদ্যপণ্য না পাওয়া
  - আদিবাসী বিশেষ করে নারীদের অতিরিক্ত পরিবহন ব্যয় বহন
  - খাদ্যাভ্যাসের কারণে বিতরণকৃত সিদ্ধ চাল কম মূল্যে বিক্রি - কর্মসূচির লক্ষ্য ব্যাহত

**প্রশিক্ষণ-পরবর্তী ঋণ প্রদান ও পরিশোধ সংক্রান্ত প্রতিবন্ধকতা** (তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন)

- ভাষাগত প্রতিবন্ধকতা, অনুন্নত যোগাযোগ ব্যবস্থা, মোবাইল নেটওয়ার্ক না থাকা এবং প্রচারণার অভাবে জানতে না পারার কারণে পার্বত্য অঞ্চলের আদিবাসী তাঁতিদের কর্মসূচিতে অংশগ্রহণ সীমিত
- সমতলের আদিবাসী তাঁতিদের প্রশিক্ষণ-পরবর্তী ঋণ বিতরণ ও পরিশোধ প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ না করে উপজেলা তাঁতবোর্ড থেকে মামলা দায়েরের অভিযোগ

# প্রবেশগম্যতা: বিতরণ প্রক্রিয়া...



**প্রাণিসম্পদ ক্রয় ও বিতরণে ঘাটতি** (সমতল ভূমিতে বসবাসরত 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী'দের জন্য প্রাণিসম্পদ প্রকল্প)

- প্রকল্প বাস্তবায়নের পূর্বে সুবিধা পাওয়ার যোগ্য আদিবাসী জনসংখ্যা ও চাহিদা যাচাইয়ে বেজলাইন সার্ভের তালিকা যথাযথ না হওয়ায় সুবিধা পাওয়ার যোগ্য অনেকের তালিকাভুক্ত হতে না পারা
- স্থানীয় পর্যায়ে বিতরণে কেন্দ্র থেকে প্রাণী পালনের পরিবেশ ও আদিবাসীদের চাহিদা যাচাই না করে বরাদ্দ ও প্রাণিসম্পদ বিতরণ
- উপজেলা প্রাণিসম্পদ কার্যালয় থেকে নিয়মমাফিক প্রশিক্ষণ ও ওষুধ প্রদান না করা
- উপজেলা থেকে বিতরণের কারণে আদিবাসীদের বাসস্থান থেকে দূরত্ব, যাতায়াত সমস্যা ও ব্যয়ের কারণে সুবিধা গ্রহণে চ্যালেঞ্জ

**শিক্ষা উপকরণ প্রদানে ঘাটতি** -(পার্বত্য এলাকা ব্যতীত বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা)

- উপজেলা নির্বাহী অফিসারের প্রকল্পের সুবিধাভোগীদের তালিকা যাচাইয়ে ঘাটতি
- শিক্ষা উপকরণ বরাদ্দে আদিবাসী শিক্ষার্থীদের চাহিদা যাচাই না করা

**আবাসন বরাদ্দে চ্যালেঞ্জ** -(আশ্রয়ণ-২ প্রকল্প)

- নিজস্ব ভূমি বা উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত জমির কোনো লিখিত দলিল না থাকায় নির্বাচিত আদিবাসীদের আবাসন সুবিধা গ্রহণে প্রতিবন্ধকতা

# তালিকায় অন্তর্ভুক্তি

## অগ্রাধিকারের তালিকায় অন্তর্ভুক্ত না থাকা


- সামাজিক নিরাপত্তার অধিকাংশ কর্মসূচির জন্য সুবিধাভোগী নির্বাচনে অগ্রাধিকারের তালিকায় আদিবাসী জনগোষ্ঠীকে না রাখা
- ভিডব্লিউবি কার্যক্রমে আদিবাসী নারীদের অগ্রাধিকারের তালিকায় না থাকা এবং কর্মসূচি সম্পর্কে অজ্ঞতার কারণে তাদের নিবন্ধন সীমিত
- শ্রমবাজার ও কর্মসংস্থানমূলক কর্মসূচি; খাদ্য নিরাপত্তা (সাধারণ ভর্তুকি); সামাজিক সহায়তা (ভিজিএফ; জেলেদের ভিজিএফ; জিআর; কাবিখা; কাবিটা; ইজিপিপি) কর্মসূচিসমূহের ক্ষেত্রে শুধু দারিদ্র্যের মাপকাঠিতে 'ডিস্ট্রেস প্রাইওরিটি লিস্ট' করার কারণে পিছিয়ে পড়া জনগোষ্ঠী হিসেবে আদিবাসীদের অগ্রাধিকার না থাকা
- ভৌগোলিক দুর্গমতা, ইউনিয়ন বাছাই কমিটির সক্ষমতার ঘাটতি এবং অগ্রাধিকার না থাকার কারণে প্রান্তিক আদিবাসীদের এসব কর্মসূচিতে হতদরিদ্রের তালিকায় অন্তর্ভুক্তিতে অনিশ্চয়তা

# সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে <u>আদিবাসী জনগোষ্ঠীর অন্তর্ভুক্তি</u>



- পাঁচটি সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে আদিবাসীদের মধ্যে সুবিধা পাওয়ার যোগ্য জনসংখ্যার তুলনায় আবেদনকারী ও তাদের মধ্যে নির্বাচিতের গড় হার ১৯.৭%
  - চাহিদার তুলনায় বরাদ্দ কম থাকায় কর্মসূচির অগ্রাধিকার তালিকার ক্রমানুসারে সুবিধাভোগী নির্বাচনের নির্দেশনা
  - প্রচার-প্রচারণার ঘাটতির কারণে কর্মসূচি সম্পর্কে না জানায় আবেদন করতে না পেরে সুবিধা পাওয়ার যোগ্য আদিবাসীদের একটি অংশের শুরুতেই বাদ পড়ে যাওয়া
  - অধিকাংশ কর্মসূচিতে আদিবাসীদের অগ্রাধিকার না থাকা, বাছাই কমিটির নীতিমালা অমান্য ও অনিয়ম-দুর্নীতির কারণে তাদের অন্তর্ভুক্তি আরও সীমিত হয়ে পড়া

সুবিধা পাওয়ার যোগ্য আদিবাসীর তুলনায় আবেদনকারী ও নির্বাচিত (%)*




* গবেষণায় অন্তর্ভুক্ত ইউনিয়ন পরিষদের ২০২৩-২৪ অর্থবছরের তথ্য অনুযায়ী; ২২টি ইউনিয়নের মধ্যে কর্মসূচি অনুযায়ী তথ্যের প্রাপ্যতা অনুসারে বিশ্লেষণ

# স্বচ্ছতা




## তালিকা প্রণয়ন ও প্রকাশে স্বচ্ছতার ঘাটতি

- গবেষণার আওতাভুক্ত কোনো ইউনিয়নেই গণ্যমান্য ব্যক্তি ও সকলের উপস্থিতিতে উন্মুক্ত যাচাই-বাছাই না করা
- সুবিধাভোগীদের প্রাথমিক নির্বাচনে ইউনিয়ন কমিটির সকল সদস্যের অংশগ্রহণ না থাকা
- ইউনিয়ন পর্যায়ে নির্বাচিতদের তালিকা প্রকাশ না করে যারা নির্বাচিত হয়েছে শুধু তাদের অবহিত করা
- উপজেলা কমিটির যথাযথ যাচাই না করেই চূড়ান্ত সুবিধাভোগী নির্বাচন
- সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়ের পক্ষ থেকে চূড়ান্ত সুবিধাভোগীদের তালিকা প্রকাশ না করা
- কাবিখা, কাবিটা ও ইজিপিপি কর্মসূচির প্রকল্প তালিকা ইউনিয়ন গ্রোথ সেন্টার ও জনবহুল স্থানে সাইনবোর্ডের মাধ্যমে প্রদর্শন করার নির্দেশনা থাকলেও বেশিরভাগ ক্ষেত্রে তা না করা
- কর্মসূচিসমূহের চূড়ান্ত ও অপেক্ষমাণ তালিকা এবং হালনাগাদ তথ্য ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) ও ইউপি নোটিশ বোর্ডে প্রকাশ না করা
- বেশিরভাগ ইউডিসি উদ্যোক্তাদের ইউনিয়ন পরিষদে সেবামূল্য তালিকা না টানানো

# স্বচ্ছতা...

**গবেষণার আওতাভুক্ত ২২টি ইউনিয়ন পরিষদের ওয়েবসাইটে সামাজিক নিরাপত্তা বিষয়ক তথ্য প্রকাশের চিত্র**




- ইউনিয়ন পরিষদের ওয়েবসাইটে বেশিরভাগ কর্মসূচির সুবিধাভোগীর তালিকা ও সামাজিক নিরাপত্তা কর্মসূচির প্রয়োজনীয় তথ্য বিশেষ করে জিআরএস, সামাজিক নিরাপত্তা কর্মসূচির নিবন্ধন ও সেবা দান প্রক্রিয়ার তথ্য প্রকাশ করা হয় না
- কিছু ইউনিয়ন পরিষদের ওয়েবসাইটে কর্মসূচির সুবিধাভোগীর তালিকা প্রকাশ করা হলেও তথ্য হালনাগাদ করা হয় না

# অনিয়ম-দুর্নীতি: সুবিধাভোগী নির্বাচন



## আবেদন প্রক্রিয়ায় হয়রানি

- সুবিধাপ্রার্থী হিসেবে আদিবাসীদের আবেদনের সময় ইউনিয়ন পরিষদের সদস্য কর্তৃক প্রয়োজনীয় নথি হারিয়ে ফেলা, খারাপ আচরণ ও অসহযোগিতাসহ হয়রানির শিকার হওয়া
- আবেদনের সময় ইউডিসি উদ্যোক্তাদের ইচ্ছামাফিক সেবামূল্য আদায়

## স্বজনপ্রীতি ও রাজনৈতিক প্রভাব

- চা শ্রমিক ভাতাভোগী নির্বাচনে পঞ্চায়েতের স্বজনপ্রীতি
- দলীয় সমর্থকদের বাছাই, ভোটের প্রতিশ্রুতির বিনিময়ে ভাতাভোগী নির্বাচন; যোগ্য হলেও বিরোধী দলের কর্মী/ সমর্থকদের তালিকাভুক্ত না করা
- আদিবাসীদের জন্য গৃহীত কর্মসূচির সুবিধাভোগী নির্বাচনে সংশ্লিষ্ট এনজিও, আদিবাসী নেতা ও মাঠ সহায়তাকারীর স্বজনপ্রীতি, সম্প্রদায়-প্রীতি

## যাচাই-বাছাই ও নির্বাচনে অনিয়ম

- এককালীন চা শ্রমিক ভাতার সুবিধাভোগীকে জীবনচক্রভিত্তিক ও দীর্ঘমেয়াদী মাসিক ভাতা বা খাদ্যপণ্য সুবিধার কর্মসূচি থেকে বাদ দেওয়া
- উপজেলা কমিটির পক্ষ থেকে চূড়ান্ত বাছাইয়ে ভিন্ন ভিন্ন কর্মসূচিতে একই ব্যক্তি/পরিবারকে নির্বাচন
- জীবিত ভাতাভোগীকে মৃত দেখিয়ে অন্যজনকে নির্বাচনের অভিযোগ
- অনেক ক্ষেত্রে যাচাই ও দ্বৈততা পরীক্ষা ছাড়াই ইউনিয়ন কমিটির প্রেরিত প্রাথমিক তালিকা চূড়ান্ত করা

# অনিয়ম ও দুর্নীতি: সুবিধাভোগী নির্বাচন - ঘুষ আদায়

## বিভিন্ন ভাতাভিত্তিক কর্মসূচিতে ঘুষের চিত্র

| কর্মসূচি | ভাতা (টাকা) | | কর্মসূচি ও অঞ্চলভেদে ভাতাভোগী নির্বাচনে ঘুষের পরিমাণ (এককালীন টাকা) | | অতিরিক্ত ও নিয়মবহির্ভূত উত্তোলন ব্যয় (টাকা) | ঘুষ আদায়কারী |
|---|---|---|---|---|---|---|
| | ভাতার পরিমাণ** (মাসিক) | ১ বছরে প্রাপ্য | সমতল | পার্বত্য | ১ বছরে | |
| বয়স্ক (আজীবন) | ৬০০ | ৭,২০০ | ৫০০-১০,০০০ | ২,৫০০-৬,০০০ | ২০০-৪০০ | ইউনিয়ন পরিষদের পুরুষ ও নারী সদস্য, ইউপি চেয়ারম্যান, গ্রাম পুলিশ, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা অফিসের কর্মকর্তা- কর্মচারী, এমএফএস এজেন্ট, দালাল |
| বিধবা ও স্বামী পরিত্যক্তা (আজীবন*) | ৫৫০ | ৬,৬০০ | ২,০০০-৫,০০০ | ২,০০০-৪,০০০ | ২০০-৪০০ | |
| প্রতিবন্ধী ভাতা (আজীবন) | ৮৫০ | ১০,২০০ | ৩,০০০-১০,০০০ | ২,০০০-৫,০০০ | ৩০০-৫০০ | |
| মা ও শিশু (নিবন্ধিত হওয়ার পর থেকে ৩৬ মাস পর্যন্ত) | ৮০০ | ৯,৬০০ | ২,০০০-৫,০০০ | ১,০০০-২,০০০ | ৩০০-৫০০ | ইউনিয়ন পরিষদের পুরুষ ও নারী সদস্য, ইউনিয়ন স্বাস্থ্যকর্মী |
| চা শ্রমিক (এককালীন) | ৫০০০ | ৫,০০০ | ১,০০০-২,৫০০ | প্রযোজ্য নয় | ২০০-৩০০ | পঞ্চায়েত |

* ভাতাভোগী পুনরায় বিয়ে করলে ভাতা পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবে

** ২০২৩-২৪ অর্থবছর অনুযায়ী; প্রতি ৩ মাস পর পর প্রেরণ

# অনিয়ম ও দুর্নীতি: সুবিধাভোগী নির্বাচন - ঘুষ আদায় ...



## বিভিন্ন পণ্যভিত্তিক কর্মসূচিতে ঘুষের চিত্র

| কর্মসূচি | ২০২৩-২৪ অর্থবছর অনুযায়ী | | কর্মসূচি ও অঞ্চলভেদে ভাতাভোগী নির্বাচনে ঘুষের পরিমাণ (এককালীন টাকা) | | অতিরিক্ত ও নিয়মবহির্ভূত আবেদন ব্যয় (টাকা) | ঘুষ আদায়কারী |
|---|---|---|---|---|---|---|
| | সুবিধাসমূহ | মেয়াদ | সমতল | পার্বত্য | ১ বছরে | |
| খাদ্যবান্ধব | প্রতিকেজি ১৫ টাকা করে ভর্তুকি মূল্যে ক্রয়; ৩০ কেজি চাল | বছরে দুইবার; (দুই + তিন) মোট ৫ মাস (চলমান) | ২,৫০০-৬,০০০ | ১,০০০-৬,০০০ | ৫০-১০০ | ইউনিয়ন পরিষদের পুরুষ ও নারী সদস্য, ইউপি চেয়ারম্যান, গ্রাম পুলিশ, খাদ্য নিয়ন্ত্রক সহকারী, দালাল |
| ভিজিএফ | ধর্মীয় উৎসব ও প্রাকৃতিক দুর্যোগে ১০-৩০ কেজি করে চাল | পরিবার-প্রতি একজন (এককালীন ত্রাণ) | ৫০০-১,০০০ | ০ | ০ | |
| টিসিবি ফ্যামিলি কার্ড | ২ লি: সয়াবিন তেল, ২ কেজি মশুর ডাল ও ১ কেজি চিনি; ভর্তুকি মূল্যে ক্রয় | পরিবার-প্রতি একজন (চলমান) | ২,০০০-৩,০০০ | ১,০০০-২,০০০ | ৫০-১০০ | |
| ভিডব্লিউবি | ৩০ কেজি চাল + ২২০ টাকা জমা (বিনামূল্যে) | প্রতি মাসে প্রদান; ২ বছর মেয়াদকাল | ২,০০০-১০,০০০ | ২,০০০-৬,০০০ | ৫০-২০০ | |
| জেলে ভিজিএফ | প্রতি মাসে ৪ কেজি চাল | মাছ ধরায় নিষেধাজ্ঞার সময় (চলমান) | ১,৫০০-২,০০০ | ০ | ১০০-২০০ | |

## বিভিন্ন পণ্যভিত্তিক কর্মসূচিতে ঘুষের চিত্র ...

| কর্মসূচি | ২০২৩-২৪ অর্থবছর অনুযায়ী | | কর্মসূচি ও অঞ্চলভেদে ঘুষের পরিমাণ (এককালীন টাকা) | | অতিরিক্তও নিয়মবহির্ভূত ব্যয় (টাকা) | ঘুষ আদায়কারী |
|---|---|---|---|---|---|---|
| | সুবিধাসমূহ | মেয়াদ | সমতল | পার্বত্য | ১ বছরে | |
| সমতল ভূমিতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য প্রাণি-সম্পদ প্রকল্প | ৭টি প্যাকেজে গবাদি-প্রাণী ও তাদের ঘর নির্মাণসামগ্রী, প্রাণি খাবার, ওষুধ ও ২ দিনের প্রশিক্ষণ | পরিবার-প্রতি একজন (এককালীন) | ৫০০-৮,০০০ | প্রযোজ্য নয় | ০ | আদিবাসী মাঠ সহায়তা কর্মী, শিক্ষক, উপজেলা নির্বাহী অফিসের প্রশাসনিক কর্মকর্তা. |
| বিশেষ এলাকার জন্য উন্নয়ন প্রকল্প | বাইসাইকেল, বই/খাতা, কলম, উপবৃত্তি | মেয়ে শিক্ষার্থী (এককালীন) | ৫০০-৩,০০০ | প্রযোজ্য নয় | ৫০-১০০ | ইউনিয়নের পুরুষ সদস্য, ইউপি |
| আশ্রয়ণ-২ প্রকল্প | আশ্রয়ণের ঘর | পরিবার-প্রতি একজন (এককালীন) | ৭,০০০-২ লক্ষ | ২৫,০০০-১ লক্ষ | | চেয়ারম্যান, ঠিকাদার |
| | | | ঘুষ + নির্মাণ সামগ্রী ক্রয় ও শ্রমিকের খাদ্য খরচ | | | |

# অনিয়ম ও দুর্নীতি: সুবিধাভোগী নির্বাচন - ঘুষ আদায় ...



- সুবিধাভোগী নির্বাচিত হওয়ার জন্য অধিকাংশ ক্ষেত্রে ঘুষ দিতে বাধ্য হওয়া–
  - যোগ্য হলেও ঘুষ ব্যতীত তালিকাভুক্তি না করা
  - একাধিকবার ঘুষ নিয়েও তালিকায় অন্তর্ভুক্ত না করা
  - ঘুষের বিনিময়ে অযোগ্য ব্যক্তিদের তালিকাভুক্ত করা
  - তালিকাভুক্ত করতে এককালীন এবং ক্ষেত্রেবিশেষে একাধিকবার ঘুষ আদায়
- ইউনিয়ন পরিষদের সদস্য/ কর্মীদের (গ্রাম পুলিশ, মেম্বার, মহিলা মেম্বার এবং ইউনিয়ন চেয়ারম্যান) একাংশের যোগসাজশে ঘুষ আদায়; এছাড়া কর্মসূচিভেদে উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তি/ কর্মী/ কর্মকর্তার একাংশের ঘুষ আদায়
- অন্যান্য কর্মসূচির তুলনায় আদিবাসীদের আবাসন বরাদ্দে ঘুষের পরিমাণ সবচেয়ে বেশি; ঘুষ দিতে না পারায় নির্বাচিতকে আবাসন বরাদ্দ না দেওয়া; অন্যদিকে, সংশ্লিষ্ট ব্যক্তিদের (জনপ্রতিনিধি, ঠিকাদার, উপজেলা নির্বাহী অফিসারের প্রশাসনিক সহকারি) একাংশের যোগসাজশে ঘুষের বিনিময়ে নির্বাচিতের বরাদ্দকৃত আবাসন স্বচ্ছল ব্যক্তিকে প্রদান

# অনিয়ম-দুর্নীতি: সুবিধা প্রদান প্রক্রিয়া



## এমএফএস-এর সিস্টেমে ভাতা প্রদানে অনিয়ম-দুর্নীতি

- এমএফএস সিস্টেমে সুবিধাভোগীরা নিজেদের ব্যক্তিগত পিনের গোপনীয়তা রক্ষা করতে না পারায় পিন চুরি ও প্রতারণার মাধ্যমে তৃতীয় পক্ষের ভাতা আত্মসাৎ - গবেষণার আওতাভুক্ত এমএফএস-এর মাধ্যমে ভাতা প্রদানকারী প্রতিটি ইউনিয়নে পিন চুরি প্রতারণাজনিত ভাতা হারানোর ঘটনা
- জিটুপি পেমেন্ট সিস্টেমে সামাজিক নিরাপত্তার ভাতা উত্তোলনে এমএফএস এজেন্টদের সুবিধাভোগীদের কাছ থেকে প্রতিবার উত্তোলন ফি হিসেবে নিয়মবহির্ভূতভাবে ৫০-১০০ টাকা আদায়

## ভাতা প্রদানে অনিয়ম

- ইউনিয়ন ও উপজেলা প্রশাসনিক কর্মকর্তাদের দ্বারা সুবিধাভোগীদের মোবাইল নম্বর পরিবর্তন করে ভাতা আত্মসাৎ

## দীর্ঘসূত্রিতা

- ভাতাভোগী মৃত্যুবরণ করলে তার নমিনিকে মৃত্যু-পরবর্তী তিন মাসের ভাতা প্রদানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দীর্ঘসূত্রিতা

"খাতা-কলম, উপবৃত্তি, ঘর যা যা দেয় সেটা এখানের মাইকেল (ছদ্মনাম) ভাগ-বাটোয়ারা করে। সে হল এখানের আদিবাসী প্রতিনিধি ও খাসিয়া। তাই সে খাসিয়াদেরকেই বেশি সুযোগ-সুবিধা দেয়।"

*- একজন আদিবাসী নেতা, সিলেট*

# অনিয়ম-দুর্নীতি: সুবিধা প্রদান প্রক্রিয়া...



**কার্ড ও খাদ্যপণ্য বিতরণে অনিয়ম** (জেলে ভিজিএফ; ভিজিএফ; খাদ্যবান্ধব; ভিডব্লিউবি; টিসিবি ফ্যামিলি কার্ড)

- খাদ্যবান্ধব কর্মসূচির একটি কার্ড আদিবাসীদের দুইটি পরিবারের মধ্যে ভাগ করে সুবিধা নিতে বাধ্য করা
- খাদ্যপণ্যের বস্তা মানহীন ও ছেঁড়া থাকা এবং ৩০ কেজির বস্তায় ১-৫ কেজি পর্যন্ত চাল কম থাকা
- টিসিবি ফ্যামিলি কার্ডের একজনের পণ্য অন্যজনকে দিয়ে দেওয়া এবং পণ্য গ্রহণে দীর্ঘসময় লাইনে দাঁড় করিয়ে রেখেও পণ্য না দেওয়া
- অনুপস্থিত কার্ডধারীর পণ্য বৈধ প্রতিনিধিকে প্রদান না করে অন্য কার্ডধারীকে প্রদানের অভিযোগ
- একদিকে জেলে নয় এমন কার্ডহীন ব্যক্তিদের কাগজের টোকেনের মাধ্যমে খাদ্য বিতরণ, অন্যদিকে প্রকৃত কার্ডধারী জেলেদের খাদ্য বিতরণ না করা

**আদিবাসী সম্পর্কিত কর্মসূচির সুবিধা প্রদানে অনিয়ম**

- ঠিকাদারদের মানহীন ও রোগাক্রান্ত প্রাণী সরবরাহ; বিতরণের কিছুদিনের মধ্যে নিজেদেরসহ প্রতিবেশীদের প্রাণী সংক্রমিত হয়ে মারা যাওয়া
- কোয়ারেন্টাইন সময়ের মধ্যে প্রাণীর মৃত্যু হলে ঠিকাদার কর্তৃক পুনরায় প্রাণী প্রদানের বাধ্যবাধকতা থাকলেও প্রাণী প্রদান না করা
- আশ্রয়ণ প্রকল্পের ঘর মানসম্মত না হওয়া এবং সুবিধাভোগীদের নির্মাণ সামগ্রী ক্রয় ও শ্রমিকদের খাবার খরচ দিতে বাধ্য করা

# জবাবদিহি: অভিযোগ প্রতিকার ব্যবস্থা



## কেন্দ্রীয় পর্যায়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থার ঘাটতি

- সামাজিক নিরাপত্তা কর্মসূচির কেন্দ্রীয় অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাংলা ভাষা ও অনলাইনভিত্তিক হওয়ার কারণে আদিবাসীবান্ধব নয়
- স্থানীয় পর্যায় থেকে অনিষ্পন্ন অভিযোগ কেন্দ্র পর্যন্ত যাওয়ার প্রক্রিয়া অনুসরণ করায় ঘাটতি – দুর্বল নিষ্পত্তি তদারকি ব্যবস্থা
- এমএফএস প্রতিষ্ঠানের অভিযোগ দায়ের সংক্রান্ত সচেতনতার ঘাটতি–সহজে প্রবেশগম্য এবং আদিবাসীবান্ধব নয়
- কেন্দ্রীয় পর্যায় থেকে শুরু করে স্থানীয় বাস্তবায়ন কমিটি, প্রশাসনিক কর্মকর্তা/কর্মচারী এবং কর্মীদের জবাবদিহির ঘাটতি

## স্থানীয় পর্যায়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থার ঘাটতি (উপজেলা পরিষদ)

- জনবলের ঘাটতির অজুহাতে অনিয়ম-দুর্নীতি প্রতিরোধে উপজেলা বাস্তবায়ন কর্মকর্তাদের যথাযথ তদারকি না করা
- উপজেলার সংশ্লিষ্ট বাস্তবায়ন কর্মকর্তাদের কার্যালয়ে অনুপস্থিত থাকা, প্রশাসনিক সহকারীদের অসহযোগিতা এবং তাদের বিরুদ্ধে অভিযোগ জানালেও প্রতিকার না করা
- উপজেলার সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অভিযোগকারীর অভিযোগ আমলে না নেওয়ার প্রবণতা

# জবাবদিহি: অভিযোগ প্রতিকার ব্যবস্থা

## স্থানীয় পর্যায়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থার ঘাটতি (ইউনিয়ন পরিষদ)

- গবেষণায় অন্তর্ভুক্ত ২২টির মধ্যে ১২টি ইউনিয়নে অভিযোগ বাক্স এবং ১৪টি ইউনিয়নে অভিযোগ রেজিস্টার ব্যবস্থা না থাকা
- ইউনিয়ন পরিষদের সদস্যদের কাছে মৌখিকভাবে অভিযোগ বেশি আসলেও আমলে না নেওয়া এবং প্রতিকার না করা – শুধু লিখিত অভিযোগ গৃহীত ও লিপিবদ্ধ করা
- তালিকাভুক্তির জন্য কোনো কোনো মেম্বার/ গ্রাম পুলিশের ঘুষ দাবি, অযোগ্য ব্যক্তিকে নির্বাচন, প্রশাসনিক কর্মকর্তার অসহযোগিতা/ খারাপ আচরণ সংক্রান্ত অভিযোগের প্রেক্ষিতে সংশ্লিষ্ট চেয়ারম্যানের প্রাতিষ্ঠানিক ব্যবস্থা না নিয়ে অভিযুক্তকে শুধু মৌখিকভাবে সতর্ক করা
- ঘুষ সংক্রান্ত অভিযোগ না দেওয়ার জন্য মেম্বার/ চেয়ারম্যানদের পক্ষ থেকে সুবিধাভোগী/ প্রার্থীকে ভয়-ভীতি প্রদর্শন এবং অভিযোগের তদন্ত ও প্রতিকার না করা
- রাজনৈতিক ও পারিবারিক সম্পর্কের কারণে মেম্বার/ গ্রাম চৌকিদারের বিরুদ্ধে আনীত অভিযোগের প্রতিকার না করা

> "আমরা সবসময় একটা ভয়ের সিস্টেমে থাকি ... আমরা তো ভাষা ঠিকমত বুঝি না। ভয় দেখানোতে আমি আর পরে চেয়ারম্যানকে জানাই নি।"
>
> *- একজন আদিবাসী বিধবা ভাতার সুবিধাপ্রার্থী*

# জবাবদিহি: অভিযোগ প্রতিকার ব্যবস্থা



## আদিবাসীদের অভিযোগ প্রদানে অনীহা ও প্রতিবন্ধকতা

- অভিযোগ প্রতিকার ব্যবস্থা নিয়ে প্রচারণার ঘাটতি, ভাষাগত ও ভৌগোলিক প্রতিবন্ধকতা, যাতায়াত ব্যয়, হয়রানি, অপমানিত হওয়া, এবং কর্তৃপক্ষের অভিযোগ অগ্রাহ্য করার প্রবণতা
- আদিবাসীদের লিখিত অভিযোগ করা এবং অনলাইনভিত্তিক অভিযোগ প্রদানে সক্ষমতার ঘাটতি, বিশেষ করে বাংলা লিখতে না জানায় তাদের অভিযোগ প্রদান হার খুব কম
- ভবিষ্যতে সহযোগিতা না পাওয়ার ভীতি থেকে জনপ্রতিনিধিদের বিরুদ্ধে অভিযোগ না করা

## সামাজিক নিরাপত্তা কর্মসূচির মূল্যায়নে ঘাটতি

- নীতিমালায় উল্লেখ থাকলেও বেশিরভাগ সামাজিক নিরাপত্তা কর্মসূচির বার্ষিক প্রতিবেদন নিয়মিত প্রকাশ না করা
- বার্ষিক প্রকাশিত প্রতিবেদনে কর্মসূচির প্রভাব মূল্যায়ন যথাযথভাবে না করা
- বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সামাজিক নিরাপত্তা সম্পর্কিত কিছু প্রকল্পভিত্তিক মূল্যায়ন পরিচালনা করা

## 'সমতলের আদিবাসীদের জন্য প্রাণিসম্পদ' প্রকল্পের কার্যক্রম তদারকিতে ঘাটতি

- ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত প্রাণীর মান যাচাইয়ে প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট কর্মকর্তা এবং উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তদারকির ঘাটতি
- উপজেলা পর্যায়ে পর্যাপ্ত জনবল না থাকার কারণে প্রকল্পের বাস্তবায়ন ও আদিবাসীদের আর্থ-সামাজিক উন্নয়ন কার্যক্রমের তদারকি ব্যাহত

## 'বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য অঞ্চল ব্যতীত)' প্রকল্পের কার্যক্রম তদারকিতে ঘাটতি

- উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সুপারিশকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যোগ্য সুবিধাভোগী নির্বাচনে যাচাই-বাছাইয়ে ঘাটতি
- শিক্ষা উপকরণ ও উপবৃত্তি, নির্বাচিত শিক্ষার্থীর কাছে পৌঁছাচ্ছে কিনা তা তদারকিতে ঘাটতি
- প্রকল্পের মূল্যায়ন ও অগ্রগতি প্রতিবেদন প্রকাশ না করা

## আশ্রয়ণ-২ প্রকল্পের কার্যক্রম তদারকিতে ঘাটতি

- সুবিধাভোগীদের আবাসন নির্মাণের সময়ে উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের যথাযথ তদারকির ঘাটতি - মানহীন ঘর নির্মাণ এবং সুবিধাভোগীদের অতিরিক্ত অর্থ ব্যয়
- কর্মসূচির মূল্যায়ন ও অগ্রগতি প্রতিবেদন প্রকাশ না করা

# আদিবাসীদের সামাজিক নিরাপত্তায় অন্তর্ভুক্তির চ্যালেঞ্জঃ কারণ-ফলাফল-প্রভাব বিশ্লেষণ



## কারণ

- আদিবাসী হিসেবে আইনি স্বীকৃতির অভাব
- নীতি, পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন প্রক্রিয়ায় অংশগ্রহণ ও প্রবেশগম্যতার ঘাটতি
- নীতিমালায় আদিবাসীদের অগ্রাধিকার না থাকা
- ভাষাগত ও কাঠামোগত সীমাবদ্ধতা
- আদিবাসী সম্পর্কিত কর্মসূচিতে নগণ্য বাজেট বরাদ্দ
- জনবল বরাদ্দে ঘাটতি
- তদারকির ঘাটতি

## ফলাফল

- আদিবাসীদের চাহিদা ও জনসংখ্যাভিত্তিক কর্মসূচি/প্রকল্প গ্রহণে ঘাটতি
- তথ্যপ্রাপ্তিতে ঘাটতি
- শর্তপূরণ ও আবেদনে প্রতিবন্ধকতা
- ভৌগোলিক দুর্গমতা ও বিভিন্ন সক্ষমতার ঘাটতির কারণে সুবিধা গ্রহণে প্রতিবন্ধকতা
- অভিযোগ প্রদানের সুযোগ থেকে বঞ্চিত
- অভিযোগ প্রদানে অনীহা ও ভীতি
- যোগ্য হলেও তালিকা থেকে বাদ পড়া
- কর্তৃপক্ষের স্বচ্ছতা ও জবাবদিহির ঘাটতি
- তালিকা হালনাগাদে ঘাটতি ও অযোগ্যদের অন্তর্ভুক্তি
- তালিকাভুক্তি ও সেবা গ্রহণে অনিয়ম-দুর্নীতির শিকার

## প্রভাব

- কর্মসূচিতে আদিবাসীদের সীমিত অন্তর্ভুক্তি
- আদিবাসীদের দারিদ্র্যের ঝুঁকি অব্যাহত
- আদিবাসী জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন বাধাগ্রস্ত
- আদিবাসী সম্পর্কিত কর্মসূচি/প্রকল্পের সেবা প্রদান ব্যবস্থা ও ব্যয়িত অর্থের যথাযথ ব্যবহার ব্যাহত

# সার্বিক পর্যবেক্ষণ



- সামাজিক নিরাপত্তা খাতে আদিবাসীদের অন্তর্ভুক্তি প্রত্যাশিত পর্যায়ে না থাকা -
    - সংশ্লিষ্ট আইন ও নীতিমালায় অগ্রাধিকার না দেওয়া
    - আবেদনের শর্তাবলী ও প্রামাণিক দলিলের আবশ্যকতা আদিবাসীবান্ধব না হওয়া
    - জাতীয় ও স্থানীয় পর্যায়ের নীতি প্রণয়ন, পরিকল্পনা ও বাজেট বরাদ্দে আদিবাসীদের অংশগ্রহণ নিশ্চিত না করা
    - আদিবাসীদের চাহিদা ও জনসংখ্যাভিত্তিক কর্মসূচি/প্রকল্প গ্রহণ না করা
    - কর্মসূচি বাস্তবায়ন এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থায় আদিবাসীদের যথাযথ অংশগ্রহণ না থাকা
- সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নে সক্ষমতার ঘাটতি - যথাযথ জনবল ও বাজেট বরাদ্দের ঘাটতির কারণে বিভিন্ন কর্মসূচিতে যোগ্য আদিবাসী সুবিধাভোগীদের অন্তর্ভুক্তির ক্ষেত্রে গুরুতর প্রতিবন্ধকতা
- বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচির বিদ্যমান প্রচার ব্যবস্থা ও অভিযোগ প্রতিকার কাঠামো অংশগ্রহণমূলক এবং আদিবাসীবান্ধব না থাকা - বিভিন্ন কাঠামোগত বাধা, যেমন ভাষা, যোগাযোগ ব্যবস্থা, মোবাইল ও ইন্টারনেটে অভিগম্যতা
- সামাজিক নিরাপত্তা কর্মসূচির প্রতিটি ধাপে ঘুষ, স্বজনপ্রীতি, রাজনৈতিক প্রভাব, অস্বচ্ছতা, জবাবদিহিহীনতা ও নীতিমালা অমান্যজনিত কাঠামোগত অনিয়ম ও দুর্নীতি বিদ্যমান - ইতোমধ্যে প্রান্তিক ও ঝুঁকিপূর্ণ আদিবাসী জনগোষ্ঠীর জন্য অতিরিক্ত বোঝা

# সার্বিক পর্যবেক্ষণ



- সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে সমতল ও পার্বত্য অঞ্চলের আদিবাসীদের মধ্যে কোনো কোনো ক্ষেত্রে পার্থক্য ও কোনো ক্ষেত্রে সামঞ্জস্যতা বিদ্যমান
    - সমতলের আদিবাসীদের জন্য সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন পরিকল্পনায় আদিবাসী জনগোষ্ঠীর চাহিদা, সামাজিক ও সাংস্কৃতিক বৈশিষ্ট্য বিবেচনায় না নেওয়া এবং যথাযথ বরাদ্দ না দেওয়ার পাশাপাশি প্রচারণা না করা, জনপ্রতিনিধির মধ্যে আদিবাসীদের প্রতিনিধিত্ব না থাকা, বিভিন্ন অনিয়ম-দুর্নীতির শিকার হওয়া, অভিযোগ প্রদানে অনীহা/ভীতি, শিক্ষা ও প্রযুক্তিগত সক্ষমতার ঘাটতি সমতল অঞ্চলের আদিবাসীদের সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অন্তর্ভুক্তির পথে অন্তরায়
    - পার্বত্য অঞ্চলের আদিবাসীদের জন্য সুনির্দিষ্ট সামাজিক নিরাপত্তা কর্মসূচি প্রণয়ন ও বাজেট বরাদ্দ না দেওয়া - একদিকে তাদের সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত তথ্য না জানা, আবেদন এবং অভিযোগ প্রদানে ভৌগোলিক ও ভাষাগত প্রতিবন্ধকতা এবং শিক্ষা ও প্রযুক্তিগত সক্ষমতার অভাব; অন্যদিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যোগ্য সুবিধাভোগী নির্বাচন, সেবা প্রদান বিশেষকরে খাদ্যপণ্য বিতরণ এবং প্রচারণায় সক্ষমতার ঘাটতি এই অঞ্চলের আদিবাসীদের সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে চ্যালেঞ্জ
- দরিদ্র, ঝুঁকিপূর্ণ ও পিছিয়ে থাকা জনগোষ্ঠী হিসেবে আদিবাসীদের অগ্রাধিকার এবং বিশেষ গুরুত্ব প্রদান না করায় সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে তাদের যথাযথ অন্তর্ভুক্তির পথে বড় চ্যালেঞ্জ

# সুপারিশ



১. সামাজিক নিরাপত্তা কর্মসূচিসহ সকল ক্ষেত্রে বাংলাদেশে বসবাসরত আদিবাসী জনগোষ্ঠীদের ন্যায্য প্রাপ্য অধিকার প্রতিষ্ঠা এবং সাংবিধানিক স্বীকৃতি প্রদানে আইএলও কনভেনশন ১৬৯ অনুস্বাক্ষর করতে হবে

২. সামাজিক নিরাপত্তা কর্মসূচির পরিকল্পনা ও নীতিমালা প্রণয়নে কেন্দ্রীয় পর্যায়ে সমতল ও পার্বত্য অঞ্চলের আদিবাসীদের প্রতিনিধিত্ব ও অংশগ্রহণ নিশ্চিত করতে হবে; সব কর্মসূচির বাস্তবায়ন নীতিমালায় আদিবাসীদের অগ্রাধিকার সুনির্দিষ্টভাবে উল্লেখ করা এবং এর জন্য প্রয়োজনীয় সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ করতে হবে

৩. সমতল এবং পার্বত্য অঞ্চলের আদিবাসী জনগোষ্ঠীর সংস্কৃতি ও চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ আদিবাসীবান্ধব কর্মসূচি প্রণয়ন ও কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে হবে, যেমন তাদের সংস্কৃতি, চাহিদা ও বাস্তবতা বিবেচনায় নিয়ে প্রাণিসম্পদ, আয়বর্ধনমূলক ও প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা

৪. সমতলের আদিবাসী জনগোষ্ঠীদের জন্য গৃহীত চলমান কর্মসূচির সুবিধাভোগী সংখ্যা ও বাজেট বরাদ্দ জনগোষ্ঠীর চাহিদা বিবেচনায় নিয়ে বৃদ্ধি করতে হবে

৫. সামাজিক নিরাপত্তার সকল কর্মসূচিতে দারিদ্র্যের মাপকাঠি যথাযথ অনুসরণ করে ইউনিয়ন পর্যায়ে সুবিধা পাওয়ার যোগ্য জনগোষ্ঠীর তালিকা প্রতিবছর হালনাগাদ নিশ্চিত করে আদিবাসী জনগোষ্ঠীর ইউনিয়নভিত্তিক নির্দিষ্ট বরাদ্দের বিষয়টি নীতিমালায় স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং সুবিধাভোগীদের তথ্য হালনাগাদে প্রতিবছর অন্তত একবার বাধ্যতামূলক 'লাইভ ভেরিফিকেশন' করতে হবে

# সুপারিশ...



৬. আদিবাসীদের জন্য সামাজিক নিরাপত্তা কর্মসূচির আবেদন প্রক্রিয়া, জন্মনিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র প্রাপ্তি ও সংশোধন প্রক্রিয়া এবং অন্যান্য নথি প্রাপ্তি সহজ ও আদিবাসীবান্ধব করতে হবে

৭. আদিবাসী অধ্যুষিত এলাকায় কর্মসূচি ও অভিযোগ প্রতিকার সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য আদিবাসীদের নিজস্ব ভাষায় এবং নিয়মিতভাবে মাইকিং/হ্যান্ড মাইকিং, উঠান বৈঠক, বিলবোর্ড/ডিজিটাল প্রদর্শনী এবং ইউনিয়ন ও উপজেলা পরিষদে চার্ট আকারে প্রদর্শন করতে হবে

৮. আদিবাসী অধ্যুষিত অঞ্চলে কর্মসূচি বাস্তবায়ন পরিকল্পনায় তাদের জনগোষ্ঠীর মানুষকে সম্পৃক্ত করতে হবে এবং স্থানীয় কমিটিতে আদিবাসীদের পক্ষ থেকে সুপারিশকৃত অন্তত দুইজন প্রতিনিধি (একজন নারীসহ) রাখতে হবে

৯. সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে বিশেষ উদ্যোগ গ্রহণ করে প্রান্তিক ও দুর্গম অঞ্চলের আদিবাসী প্রতিবন্ধীদের ডিআইএস-এ অন্তর্ভুক্ত করে তাদের প্রতিবন্ধী পরিচয় নিবন্ধন নিশ্চিত করতে হবে

১০. পার্বত্য ও দুর্গম যেসব ইউনিয়নে বিদ্যুৎ, ইন্টারনেট ও ইউডিসি সার্ভার কার্যকর নয় সেখানে সব ধরনের সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আদিবাসীদের অফলাইন/ সরাসরি আবেদন নিশ্চিত করতে হবে

# সুপারিশ...



১১. আদিবাসীদের সামাজিক নিরাপত্তা ভাতা উত্তোলনে এমএফএস এজেন্টদের নিয়মবহির্ভূত অতিরিক্তি অর্থ আদায় রোধে এমএফএস প্রতিষ্ঠানের তদারকি বাড়াতে হবে এবং জিটুপি পেমেন্ট সিস্টেমে প্রতারণা বিষয়ে সচেতনতা বাড়াতে আদিবাসীবান্ধব প্রচারণা চালাতে হবে

১২. পার্বত্য অঞ্চলের দুর্গম ইউনিয়নে আদিবাসীদের চাহিদা যাচাইপূর্বক ভাতা বিতরণ পদ্ধতি নির্ধারণ এবং খাদ্যপণ্য বিতরণে খাদ্যাভাস বিবেচনা করা, চাল বিতরণে যথাযথ পরিবহন ব্যয় প্রদান, চাহিদাভিত্তিক ক্যাশ ট্রান্সফার, এবং ত্রৈমাসিক বিতরণ কার্যক্রম চালু করতে হবে। এছাড়া দুর্গম পার্বত্য এলাকায় ‘ফুড ব্যাংক’ স্থাপন করা যেতে পারে

১৩. সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে বিদ্যমান অনিয়ম-দুর্নীতিতে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্থানীয় আদিবাসী সুবিধাভোগীদের এ সম্পর্কে সচেতন করার জন্য প্রচারণা এবং স্থানীয় নাগরিক সমাজের তদারকি বৃদ্ধি করতে হবে

১৪. সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে একক রেজিস্ট্রি ও কার্যকর অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রতিষ্ঠা করতে হবে। স্থানীয় কার্যালয়ে অভিযোগ রেজিস্টার বই রাখা বাধ্যতামূলক করা এবং মৌখিক অভিযোগ দ্রুত লিপিবদ্ধ ও প্রতিকার নিশ্চিত করা বাধ্যতামূলক করার জন্য সংশ্লিষ্ট নীতিমালায় সুস্পষ্ট নির্দেশনা রাখতে হবে, এবং এ খাতে আদিবাসীবান্ধব অভিযোগ প্রদান ব্যবস্থা নিশ্চিত করতে হবে


ধন্যবাদ

# গবেষণায় অন্তর্ভুক্ত সামাজিক নিরাপত্তা কর্মসূচি সমূহের ক্লাস্টার



| কার্যক্রমের প্রকৃতি | কর্মসূচির নাম | | | |
|---|---|---|---|---|
| সামাজিক সহায়তা | বয়স্ক ভাতা কার্যক্রম | বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা | প্রতিবন্ধী ভাতা/ উপবৃত্তি | মা ও শিশু সহায়তা কর্মসূচি |
| | দুঃস্থদের খাদ্য সহায়তা (ভিজিএফ) | জেলেদের জন্য ভিজিএফ কার্যক্রম | | গ্র্যাটুইটাস রিলিফ-জিআর |
| | গৃহবাবদ নগদ মঞ্জুরী (টাকা) | গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) | গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-কাবিটা) | অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) |
| সাধারন ভর্তুকি (খাদ্য) | খাদ্যবান্ধব কর্মসূচি | | টিসিবি ফ্যামিলি কার্ড কার্যক্রম | |
| শ্রমবাজার ও কর্মসংস্থান | তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন | চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন | ভালনারেবল উইমেন বেনিফিটস (ভিডব্লিউবি) কার্যক্রম | সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ প্রকল্প |
| কমিউনিটি উন্নয়ন | বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য এলাকা ব্যতীত) | | | |
| সামাজিক সেবা কার্যক্রম | আশ্রয়ণ-২ প্রকল্প (শুধুমাত্র আদিবাসীদের আবাসন প্রদান সংক্রান্ত) | | | |

* সামাজিক সুরক্ষা বাজেট প্রতিবেদন: ২০২৪-২৫ অর্থবছর। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

# সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অংশীজন: তাদের ভূমিকা ও কার্যক্রম

| ভূমিকা | অংশীজন/প্রতিষ্ঠান | দায়িত্ব |
| --- | --- | --- |
| নীতি নির্ধারণ | *পাঁচটি বিষয়ভিত্তিক ক্লাস্টার মন্ত্রণালয় এবং এর সমন্বয়ক মন্ত্রণালয় | কর্মসূচির নীতি/আইন/বিধিমালা ও প্রকল্প নকশা প্রণয়ন, সুবিধাভোগী নির্বাচন মানদণ্ড নির্ধারণ, অন্তর্ভুক্তি ও বর্জন ত্রুটি রোধ, তদারকি ও সমন্বয়, সিএমসি'র কাছে রিপোর্টিং |
| | মন্ত্রিপরিষদ বিভাগ | জাতীয় পর্যায়ে সামাজিক নিরাপত্তা নীতি প্রণয়ন, অনুমোদন, ও বাস্তবায়নে সমন্বয় |
| | কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (সিএমসি) | আন্তঃমন্ত্রণালয় সমন্বয়,সিদ্ধান্ত গ্রহণ, নির্দেশনা প্রদান, নীতি, পরিকল্পনা ও বাজেট অনুমোদন, বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা |
| অর্থায়ন | অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় | **অর্থ বরাদ্দ:** বাজেট অনুমোদন, আর্থিক স্বচ্ছতা নিশ্চিত, জিটুপি সিস্টেমে ভাতা বিতরণ; **পরিকল্পনা ও সমন্বয়:** বাজেট পরিকল্পনা, উন্নয়ন প্রকল্পের অর্থায়ন নিশ্চিতকরণ |
| বাস্তবায়ন | বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসক, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা নির্বাহী অফিসার/কমিটি, ইউনিয়ন পরিষদ/কমিটি); নির্বাচিত এনজিও | **মাঠ পর্যায়ে বাস্তবায়ন:** প্রচরণা, তালিকা প্রস্তুত, সুবিধাভোগী শনাক্তকরণ ও নির্বাচন, সেবা প্রদান, তদারকি, অনিয়ম প্রতিরোধ ও অভিযোগ নিষ্পত্তি |
| পরিবীক্ষণ ও মূল্যায়ন | আইএমইডি (IMED) | প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের সামগ্রিক পর্যবেক্ষণ ও মূল্যায়ন |
| | জিইডি (GED) | ফলাফলভিত্তিক কাঠামো ও সার্বিক পরিবীক্ষণ |
| পর্যবেক্ষণ | এনজিও/সিভিল সোসাইটি/গণমাধ্যম | জবাবদিহি |

* সমাজকল্যাণ মন্ত্রণালয় (সামাজিক সহায়তা); খাদ্য মন্ত্রণালয় (খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা); ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সামাজিক বিমা); দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (শ্রম ও জীবিকায়ন); প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন)

# নমুনায়ন পদ্ধতি




**আদিবাসী সম্প্রদায়ের সংখ্যা ও অবস্থানের ভিত্তিতে দেশের আটটি বিভাগ থেকে ১১টি জেলা নির্বাচন**

প্রতিটি জেলা থেকে আদিবাসী সম্প্রদায় ও তাদের জনসংখ্যাধিক্যের উপর ভিত্তি করে একটি করে উপজেলা নির্বাচন (১১টি)

**আদিবাসী সম্প্রদায়ের বসবাসের ভৌগোলিক অবস্থান বিবেচনায় প্রতিটি উপজেলা থেকে কাছাকাছি বা মাঝারি দূরবর্তী একটি এবং দূরবর্তী একটি, মোট দুইটি করে ইউনিয়ন নির্বাচন (২২টি)**

# গবেষণায় অন্তর্ভুক্ত আদিবাসী সম্প্রদায়ের সংজ্ঞা ও তালিকা



- **গবেষণায় ব্যবহৃত 'আদিবাসী'র সংজ্ঞা:** ঐতিহাসিকভাবে নিজেদের ভূমিতে বসবাসরত, স্বতন্ত্র সংস্কৃতি, ভাষা, সামাজিক ও রাজনৈতিক প্রতিষ্ঠান বজায় রাখা জনগণ, যারা সমাজের প্রধান ধারা থেকে পৃথক এবং পূর্বপুরুষদের ভূমি, সংস্কৃতি ও পরিচয় সংরক্ষণ ও ভবিষ্যৎ প্রজন্মের কাছে হস্তান্তর করতে প্রতিশ্রুতিবদ্ধ (জোসে আর. মার্তিনেজ কোবো ১৯৮৬; ইউএনডিআরআইপি ২০০৭; আইএলও কনভেনশন নং ১৬৯, ১৯৮৯)

| সমতল (২২) | পার্বত্য (৭) |
|---|---|
| গারো, কোচ, মুন্ডা, মাহাতো/কুরমি মাহাতো/বেদিয়া মাহাতো, সাঁওতাল, পাত্র, ভূমিজ, খাসিয়া, ওঁরাও, রাখাইন, পাহাড়ী/ মালপাহাড়ী, রাজোয়ার, গোরাইত, মাহালি, মনিপুরী, গঞ্জু, বাগদি, কোরা, শবর, বর্মন, হুদি, ডালু | চাকমা, মারমা, ত্রিপুরা, তঞ্চঙ্গ্যা, পাংখোয়া, ম্রো, বম |
| | **মোট ২৯টি সম্প্রদায়** |

* জনশুমারি ও গৃহগণনা ২০২২; সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ গেজেট মার্চ ২৩, ২০১৯; ইউএন, ইউএনডিআরআইপি এবং আইএলও সংজ্ঞা অনুযায়ী আদিবাসী সম্প্রদায়ের মধ্য থেকে গবেষণায় অংশগ্রহণকারী সম্প্রদায়

# আদিবাসীদের জন্য সামাজিক নিরাপত্তা বাজেট



পার্বত্য অঞ্চলভিত্তিক এবং আদিবাসীদের কর্মসূচির জন্য সামাজিক নিরাপত্তা বাজেট (২০২১-২২ থেকে ২০২৫-২৬ অর্থবছর)

| অর্থবছর | সামাজিক নিরাপত্তা কর্মসূচির মোট বাজেট (কোটি টাকা) | সামাজিক নিরাপত্তা কর্মসূচির পার্বত্য অঞ্চলভিত্তিক বাজেট (কোটি টাকা) ও হার (%) | সমতলের আদিবাসীদের জন্য সামাজিক কর্মসূচির মোট বাজেট (কোটি টাকা) ও হার (%) |
|---|---|---|---|
| ২০২১-২২ | ১,০৭,৬১৪ | ৩৩৭.৩১ (০.৩১%) | ১৩২ (০.১২%) |
| ২০২২-২৩ | ১,১৩,৫৭৬ | ৩৬৫.২৮ (০.৩২%) | ১৬০ (০.১৪%) |
| ২০২৩-২৪ | ১,২৬,২৭২ | ৪০৯.৩৮ (০.৩২%) | ১৪৫ (০.১১%) |
| ২০২৪-২৫ | ১,০২,১২৭ | ৪৭৫.৬১ (০.৩৫%) | ১৮৯ (০.১৯%) |
| ২০২৫-২৬ | ১,১৬,৭৩১ | ৫৩০.৬৭ (০.৪৫%) | ১৫০ (০.১৩%) |

# সামাজিক নিরাপত্তা কর্মসূচির বাস্তবায়ন প্রক্রিয়া (স্থানীয় পর্যায়)



- বয়স্ক ভাতা কার্যক্রম, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা/উপবৃত্তি; মা ও শিশু সহায়তা; ভিডব্লিউবি এবং জেলেদের জন্য ভিজিএফ কার্যক্রম কর্মসূচিগুলোতে অনলাইনে আবেদন বাধ্যতামূলক
- মা ও শিশু সহায়তা কর্মসূচিতে প্রতিমাসের ২০ তারিখের মধ্যে ভাতা পাওয়ার যোগ্য ব্যক্তি আবেদন করতে পারবে

## অনলাইন আবেদন পদ্ধতি

আবেদনের ঘোষণা ব্যাপক প্রচারণা ও মাইকিং → অনলাইন ভিত্তিক কর্মসূচির ক্ষেত্রে সংশ্লিষ্ট অনলাইন পোর্টালে আবেদন → সংশ্লিষ্ট উপজেলা কার্যালয় আবেদনের ভিত্তিতে ওয়ার্ড ভিত্তিক পৃথক তালিকা প্রণয়ন ও ইউনিয়ন কমিটিতে প্রেরণ **(তালিকা-১)** → আবেদনকারীদের উন্মুক্ত স্থানে সমবেত স্থানীয় সরকারি ও গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে ও নীতিমালার আলোকে যাচাই বাছাই প্রক্রিয়া সম্পন্ন

→ ইউনিয়ন কমিটি যাচাই-বাছাই পূর্বক প্রাথমিক তালিকা প্রণয়ন ও উপজেলা কমিটিতে প্রেরণ **(তালিকা-২)** → উপজেলা কমিটি তালিকা-১ ও ২ যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত তালিকা প্রণয়ন ও এমআইএস এন্ট্রি **(তালিকা-৩)** → উপজেলা কমিটি অগ্রাধিকার ভিত্তিতে একটি অপেক্ষমাণ তালিকা অনুমোদনপূর্বক প্রস্তুত **(তালিকা-৪)** → ১. জিটুপি পেমেন্ট সিস্টেমে প্রতি তিন মাস অন্তর ভাতাভোগীর মোবাইল বা ব্যাংক হিসাবে ভাতার টাকা প্রেরণ, অথবা ২. ইউনিয়নের নির্দিষ্ট স্থানে সুবিধাভোগীদের খাদ্য সহায়তা প্রেরণ

# সামাজিক নিরাপত্তা কর্মসূচির বাস্তবায়ন প্রক্রিয়া (স্থানীয় পর্যায়)

## (লিখিত আবেদন পদ্ধতি)

- সাধারণ ভর্তুকি (খাদ্য); শ্রমবাজার ও কর্মসংস্থান (ভিডব্লিউবি বাদে); ভিজিএফ; কাবিখা; কাবিটা; ইজিপিপি; জিআর; এবং গৃহবাবদ নগদ মঞ্জুরী (টাকা); চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন

সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার; পঞ্চায়েত বরাবর আবেদন; পঞ্চায়েতের কাছে আবেদন

ওয়ার্ড কমিটি কর্তৃক প্রাথমিক তালিকা ইউনিয়ন কমিটির নিকট প্রেরণ

সকল ওয়ার্ডের তালিকা যাচাই পূর্বক প্রাথমিক তালিকা উপজেলা কমিটির নিকট প্রেরণ

তালিকা যাচাই পূর্বক নির্ধারিত সংখ্যক পরিবার নির্বাচন

জিটুপি সিস্টেমে চা শ্রমিক ভাতা; নির্বাচিত কার্ডধারীদের ডিলারের মাধ্যমে খাদ্যদ্রব্য বিতরণ; প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান কর্তৃক শ্রমিকদের মজুরি প্রদান; প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কর্তৃক মানবিক সহায়তা প্রদান

## উপজেলা থেকে সরাসরি প্রদত্ত সামাজিক নিরাপত্তা কর্মসূচি

- সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণি সম্পদ প্রকল্প; বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য এলাকা ব্যতীত); আশ্রয়ণ-২ প্রকল্প; এবং তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন

আদিবাসী অধ্যুষিত উপজেলা সমূহের আদিবাসী জনসংখ্যার ভিত্তিতে সুবিধাভোগীর সংখ্যা বরাদ্দ

আদিবাসী নেতৃস্থানীয়; মাঠ সহায়তা কর্মী এবং চা বাগান কর্তৃপক্ষ ও পঞ্চায়েতের কাছ থেকে প্রাথমিক তালিকা উপজেলা কমিটিকে প্রেরণ

তালিকা যাচাই পূর্বক উপজেলা কমিটি দ্বারা চূড়ান্ত তালিকা প্রণয়ন

উপজেলা থেকে শিক্ষা উপকরণ, আবাসন; প্রাণি সম্পদ, প্রাণিখাদ্য ও প্রশিক্ষণ প্রদান; তাঁতিদের জন্য প্রশিক্ষণ ও ঋণ

# পাঁচটি সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে নির্বাচিত আদিবাসী জনগোষ্ঠী*



| কর্মসূচি | মোট আদিবাসী জনগোষ্ঠী (ইউনিয়ন সংখ্যা)** | সুবিধা পাওয়ার যোগ্য | আবেদনকারী | নির্বাচিত |
|---|---|---|---|---|
| বয়স্ক ভাতা | ৩৩,২৮৪ (১০টি) | ১,৬৭৩ | ৮৫৫ | ৩৫৫ |
| বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা | ২২,৩১০ (৮টি) | ৪৭৮ | ১৬৬ | ৬০ |
| প্রতিবন্ধী ভাতা/উপবৃত্তি | ২৪,৫২৮ (৭টি) | ৫৮৩ | ৩৩৫ | ১৮৪ |
| মা ও শিশু সহায়তা ভাতা | ১১,৯০৭ (৬টি) | ৫৭৪ | ১৮১ | ১২৮ |
| ভিডব্লিউবি কার্ড | ২,৬০৬ (৪টি) | ১,৩৩৮ | ৩৩৬ | ১৬৬ |

* গবেষণায় অন্তর্ভুক্ত ইউনিয়ন পরিষদের ২০২৩-২৪ অর্থবছরের তথ্য অনুযায়ী

** ২২টি ইউনিয়নের মধ্যে কর্মসূচি অনুযায়ী তথ্যের প্রাপ্যতা অনুসারে বিশ্লেষণ